


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

শুক্রবার | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৫৫ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ০২ আষাঢ় ১৪৩০ ॥ ২৬ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ১৬ জুন ২০২৩






## ঈদের আগে ক্ষতিগ্রস্ত সড়ক মেরামতের নির্দেশ সেতুমন্ত্রীর

**নিজস্ব প্রতিবেদক :** ঈদের আগে ক্ষতিগ্রস্ত সড়ক মেরামতের নির্দেশ দিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী এবং আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। এছাড়া ঈদের ৭ দিন আগে থেকে ট্রাক, লরিসহ ভারী যানবাহন চলাচল বন্ধ থাকবে। আজ বৃহস্পতিবার রাজধানীর ২-এর পাতায় দেখুন



## শেখ হাসিনা সংকট মোকাবিলা করে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ বলেছেন, বঙ্গবন্ধুর অনুপ্রেরণায় তার কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংকট মোকাবিলা করে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। বুধবার বিকালে রাজধানীর শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালায় বঙ্গীয় সংস্কৃতি ২-এর পাতায় দেখুন



## জাতীয় নির্বাচনকে ঘিরে আগাম প্রস্তুতি রয়েছে বিজিবির

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় নির্বাচনকে ঘিরে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) কাঁধে অর্পিত সব দায়-দায়িত্ব পালনে আগাম প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এছাড়া কোনো কিছু বাকি থাকলেও সেসব গ্রহণ করা হচ্ছে বলে জানিয়েছেন বিজিবি মহাপরিচালক ২-এর পাতায় দেখুন



## দুর্নীতির বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধিতে কাজ করতে দুদকের প্রতি রাষ্ট্রপতির আহ্বান

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন জনগণের মধ্যে দুর্নীতি বিরোধী সচেতনতা বৃদ্ধিতে তৃণমূল পর্যায়ে আরো বেশি কাজ করতে দুর্নীতি দমন কমিশনের (দুদক) প্রতি আহ্বান জানিয়েছেন ।

দুদক চেয়ারম্যান মোহাম্মদ মঈনউদ্দীন আব্দুল্লাহর নেতৃত্বে চার সদস্যের একটি প্রতিনিধি দল গতকাল বঙ্গভবনে রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান।

রাষ্ট্রপ্রধান বলেন 'দুর্নীতি উন্নয়নের প্রধান অন্তরায়। দুর্নীতির বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধিতে তৃণমূল পর্যায়ে আরো বেশি কাজ করুন' ।

তিনি দুর্নীতি দমনে কমিশনকে অনুসন্ধান ও তদন্তের কাজ দ্রুততার সাথে ২-এর পাতায় দেখুন

### জিডিপি বেড়েছে ১২ গুণ, রিজার্ভ ৩৩ গুণ

# বদলে গেছে বাংলাদেশ

**নিজস্ব প্রতিবেদক :** দেশের বৃহত্তম ও সবচেয়ে প্রাচীন রাজনৈতিক দল আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকার টানা তৃতীয় মেয়াদের পঞ্চম বছর পদার্পন করেছে চলতি বছরের জানুয়ারি মাসে। দীর্ঘ ও টানা ক্ষমতায় থাকা এই ঐতিহ্যবাহী দলটি বাংলাদেশের অবকাঠামোগত উন্নয়নে বৈপ্লবিক পরিবর্তন নিয়ে এসেছে।

পরিসংখ্যান অনুযায়ী, গত ১৪ বছরে দলটি বাংলাদেশকে একটি দূর্বল অর্থনৈতিক দেশ থেকে উন্নয়নশীল দেশের কাতারে পদার্পন করিয়েছে। মানুষের জীবনমান উন্নয়ন, আর্থিক সক্ষমতা বৃদ্ধি, বিশেষ করে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে বাংলাদেশ বিশ্বের বুকে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার টানা ৩ মেয়াদের সরকার ও জনগণের জন্য তার দূরদর্শী পরিকল্পনা এবং তা বাস্তবায়নের পদক্ষেপ ও কঠোর পরিশ্রম বাংলাদেশের জন্য এ ধরনের সাফল্য এনে দিয়েছে।



২০০৬ সালের বিএনপি-জামায়াত আমলের সঙ্গে ২০২৩ এর বাংলাদেশে তুলনামূলক পার্থক্য তথ্য তুলে ধরা হলো:-

কৃষি প্রধান বাংলাদেশের জিডিপির আকার ২০০৬ সালেও ৪৭.৭ বিলিয়ন ডলার। কিন্তু গত ১৪ বছরে বাংলাদেশ বিশ্বের অন্যতম উদীয়মান অর্থনৈতিক শক্তির দেশে উন্নীত হয়েছে। অর্থনীতির গতিময়তায় দক্ষিণ এশিয়ার গণ্ডি ছাড়িয়ে এখন সারাবিশ্বে তার পরিচিতি। ২০২৩ সালে এসে বাংলাদেশের জিডিপি'র আকার প্রায় ১২ গুণ বৃদ্ধি পেয়ে ৫৭৮ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে। একটি দরিদ্র সাহায্যপ্রার্থী দেশ থেকে বাংলাদেশ এখন আঞ্চলিক প্রভাবশালী দেশে পরিণত হয়েছে।

শুধু জিডিপি নয়, বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভও গত ১৪ বছরে ৩৩ গুণ বৃদ্ধি পেয়েছে। ২০০৬ সালে বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ছিল ১ বিলিয়ন ডলারেরও নিচে। কিন্তু ২-এর পাতায় দেখুন

## ব্রিকসের সদস্যপদ পেতে পারে বাংলাদেশ

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ শিগগিরই ব্রিকসের সদস্য পদ লাভ করতে পারে।

জেনেভায় প্যালেস ডি নেশনস এর দ্বিপাক্ষিক মিটিং রুমে দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট মাতামেলা সিরিল রামাপোশার সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাতকালে বিষয়টি উত্থাপিত হওয়ায় শিগগিরই বাংলাদেশের ব্রিকসের সদস্যপদ পাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে।

সাংবাদিকদের ব্রিফিংকালে পররাষ্ট্র মন্ত্রী ড. এ কে আবদুল মোমেন এ কথা বলেন।

তিনি আরো বলেন, ব্রিকস ব্যাংক সম্প্রতি বাংলাদেশকে অতিথি হিসেবে আমন্ত্রণ জানিয়েছে। ভবিষ্যতে ২-এর পাতায় দেখুন


# সুইস প্রেসিডেন্টের সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দ্বিপাক্ষিক বৈঠক

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশে আরও বিনিয়োগ করার জন্য সুইস কনফেডারেশনের প্রেসিডেন্ট অ্যালেন বারসেটের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, 'তার দেশ নতুন বিনিয়োগের জন্য যথেষ্ট সুযোগ তৈরি করেছে।'

গত বুধবার প্যালেস দেস নেশনস এর দ্বিপাক্ষিক বৈঠক কক্ষে সুইস কনফেডারেশনের প্রেসিডেন্ট অ্যালাইন বারসেটের সঙ্গে সাক্ষাৎকালে বাংলাদেশের প্রধানমন্ত্রী এ আহ্বান জানান।

বৈঠক শেষে পররাষ্ট্রমন্ত্রী এ কে আবদুল মোমেন সাংবাদিকদের ব্রিফ করেন। পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন ও প্রধানমন্ত্রীর বক্তৃতা লেখক মো. নজরুল ইসলাম এ সময় উপস্থিত ছিলেন।

বাংলাদেশ ও সুইজারল্যান্ডের মধ্যে ব্যবসা-বাণিজ্য ভালো বলে উল্লেখ ২-এর পাতায় দেখুন



১৬ জুন ২০২৩ | দৈনিক এই আমার দেশ | Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

## ৫৮২ কোটি টাকা কি বাতাসে খেয়েছে : বিসিআইসিকে হাইকোর্ট

**নিজস্ব প্রতিবেদক :** সরকারিভাবে আমদানি করা ৭২ হাজার মেট্রিক টন রাসায়নিক সার বন্দর থেকে খালাসের পর গুদামে পৌঁছে না দিয়ে আত্মসাতের সঙ্গে জড়িতদের প্রয়োজনে সরাসরি জেলে দেয়া হবে বলে মন্তব্য করেছে হাইকোর্ট।

আদালত বলেন, 'আমদানিকৃত রাসায়নিক সার আত্মসাতের সঙ্গে জড়িতদের প্রয়োজনে সরাসরি জেলে দেওয়া হবে। আমদানি করা রাসায়নিক সারের ৫৮২ কোটি টাকা কি বাতাস খেয়ে ফেলেছে? অর্থ পাচারসহ কোনো ধরনের দুর্নীতি বরদাস্ত করা হবে না। দুর্নীতির বিরুদ্ধে আমাদের জিরো টলারেন্স।'

গতকাল বৃহস্পতিবার বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি ২-এর পাতায় দেখুন

## পুলিশ কর্মকর্তার ১৮ কোটি টাকার 'অবৈধ সম্পদ', দুদকের মামলা



**নিজস্ব প্রতিবেদক :** পিরোজপুরের মঠবাড়িয়া থানার সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সৈয়দ আব্দুল্লাহর বিরুদ্ধে ১৮ কোটি ১৫ লাখ ৬০ হাজার টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। মামলায় তার স্ত্রী ফারহানা আক্তার ও শাশুড়ি কারিমা খাতুনকেও আসামি করা হয়েছে। বৃহস্পতিবার দুদকের পিরোজপুর সমন্বিত জেলা কার্যালয় সহকারী পরিচালক মো. মোস্তাফিজ বাদী হয়ে স্থানীয় দুদক কার্যালয়ে মামলাটি করেন। সৈয়দ আব্দুল্লাহ বর্তমানে ফেনী পুলিশ সুপারের কার্যালয়ের পুলিশ পরিদর্শক (ক্রাইম শাখা) হিসেবে কর্মরত। তিনি ২০১৯ সালের মার্চ মাস থেকে ২০২০ সালের মার্চ মাস পর্যন্ত পিরোজপুরের মঠবাড়িয়া থানার ওসি হিসেবে কর্মরত ছিলেন। দুদক সূত্রে জানা গেছে, নড়াইল জেলার লোহাগড়া উপজেলার লাহুড়িয়া গ্রামের সৈয়দ মোহাম্মদ হোসেনের ২-এর পাতায় দেখুন

## দুই ঘণ্টায় ট্রেনের প্রায় ১৩ হাজার টিকিট বিক্রি

**নিজস্ব প্রতিবেদক :** ঈদুল আজহা উপলক্ষ্যে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু হয়েছে। বুধবার থেকে আন্তঃনগর ট্রেনের শতভাগ টিকিট অনলাইনে বিক্রি শুরু হয়েছে। গতকঅল বৃহস্পতিবার টিকিট বিক্রির দ্বিতীয় দিনের প্রথম দুই ঘণ্টায় ১২ হাজার ৮৬৬টি টিকিট বিক্রি হয়েছে। সকাল ৮টা থেকে ১০টা পর্যন্ত ট্রেনের পশ্চিমাঞ্চলের বিভিন্ন এলাকার এ টিকিট বিক্রি হয়েছে।

গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছে অনলাইনে ট্রেনের টিকিট বিক্রির দায়িত্বে থাকা প্রতিষ্ঠান সহজ ডটকম কর্তৃপক্ষ।

জানা গেছে, আজ ২৫ জুনের টিকিট বিক্রি হচ্ছে। ঢাকা রেলওয়ে বিভাগীয় ২-এর পাতায় দেখুন

## শৈলকুপায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপের ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার বিকেলে উপজেলা প্রশাসনের আয়োজনে এ উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শৈলকুপা



উপজেলা চেয়ারম্যান এম আব্দুল হাকিম আহমেদ, শৈলকুপা পৌরসভার মেয়র কাজী আশরাফুল আজম, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ওহিদুজ্জামান ইকু, শৈলকুপা উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদুননবী কালু। উদ্বোধনী খেলায় শৈলকুপা পৌরসভা একাদশ বনাম ১২ নং নিত্যানন্দপুর ইউনিয়ন একাদশ প্রতিদ্বন্দীতা করে।

## হরিণাকুন্ডুতে বঙ্গবন্ধু-বঙ্গমাতা অনুর্ধ্ব-১৭ ফুটবল টুর্নামেন্টের উপজেলা পর্যায়ের খেলা শুরু

**মোঃ আবু সাইদ, হরিণাকুন্ডু :** হরিণাকুন্ডুতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (বালক) ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব (বালিকা) অনুর্ধ্ব-১৭ জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উপজেলা পর্যায়ের খেলা শুরু হয়েছে। বৃহস্পতিবার বিকালে প্রিয়নাথ স্কুল এন্ড কলেজ মাঠে এ খেলার উদ্বোধন করা হয়। হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী ২-এর পাতায় দেখুন



## দৈনিক এই আমার দেশ পত্রিকায় সংবাদ প্রকাশের পর দুই আদম ব্যবসায়ী আটক

**মেহেরপুর প্রতিনিধি:** মুজিবনগর থানা পুলিশের একটি দল অভিযান চালিয়ে প্রতারক দুই আদম ব্যাবসায়ীকে আটক করেছে। আটককৃতরা হলেন আদম ব্যবসায়ি মো: সাগর (৩০) ও তার মা লালফাতুন খাতুন (৫৫)। বৃহস্পতিবার সকালে মুজিবনগর থানার ওসি মেহেদি রাসেল নেতৃত্বে মুজিবনগর থানা পুলিশের একটি দল এ অভিযান পরিচালনা করে। মুজিবনগর থানা পুলিশের ওসি মেহেদি রাসেল বলেন, আদম দালালের খপ্পরে নি:স্ব অর্ধশত পরিবার এ সংক্রান্ত একটি সংবাদ প্রকাশ হয়। সংবাদটি মেহেরপুর পুলিশ প্রশাসনের দৃষ্টি গচর হয়। মেহেরপুর পুলিশ সুপারের নির্দেশে মুজিবনগর থানা পুলিশের একটি



দল অভিযান পরিচালনা করে। বৃস্পতিবার সকালে মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের কলেজ পাড়ায় আব্দুর রশিদের বাড়িতে অভিযান চালানো হয়। এসময় আব্দুর রশিদের স্ত্রী লালফাতুন খাতুন (৫৫) ও তার ছেলে মাঃ সাগর আলী (৩০) কে আটক করা হয়। তাদের বিরুদ্ধে প্রতারণামূলক ভাবে অধিক বেতনের আশ্বাস দিয়ে বিদেশে কর্মী ২-এর পাতায় দেখুন



## শৈলকুপায় বালুবাহী ট্রলির ধাক্কায় কৃষক নিহত

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপায় বালুবাহী ইঞ্জিন চালিত ট্রলির ধাক্কায় জাবুল শেখ(৫০) নামের এক কৃষক নিহত হয়েছে। ঘটনাটি বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টার দিকে উপজেলার ২-এর পাতায় দেখুন

## মহেশপুরে ১৪শ' ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের দেওয়া হলো বিনামুল্যে রাসায়নিক সার ও বীজ

**নিজস্ব প্রতিবেদক :** আমন উৎপাদন বৃদ্ধির লক্ষে ঝিনাইদহের মহেশপুরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সরকারের প্রনোদনা কর্মসূচির আওতায় বিনা মুল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার সকালে উপজেলা কৃষি অফিসের সম্মেলন কক্ষে উপজেলার ১৪শ' ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সরকারের দেওয়া বিনা মুল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণ করা হয়।



উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশীর সভাপতিত্বে অনুষ্ঠিত বিনা মুল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আজিজুল হক আজা, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষি বিদ ইয়াসমিন সুলতানা,উপজেলা কৃষকলীগের সভাপতি আব্বাস উদ্দীন প্রমুখ।

## ঝিনাইদহে শিশু ধর্ষণ মামলায় এক যুবকের যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে আদালত

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহে শিশু ধর্ষণ মামলায় অনন্ত সরকার নামে এক যুবকের যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে আদালত। বৃহস্পতিবার ঝিনাইদহ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আদালতের বিচারক মোঃ মিজানুর রহমান এই আদেশ দেন। ধর্ষক অনন্ত সরকার শহরের চাকলাপাড়ার দিলু সরকারের ছেলে। মামলার এজাহার ও রায়ের উদ্বৃতি দিয়ে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আদালতের পিপি অ্যাডভোকেট বজলুর রহমান জানান, ২০১৪ সালের ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মো: আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।



চুয়াডাঙ্গা জেলার প্রথম দৈনিক "দৈনিক মাথাভাঙ্গা"
ঝিনাইদহ জেলার প্রথম দৈনিক "দৈনিক ঝিনাইদহ"
এবং "দৈনিক অধিবেশন" পত্রিকার
অন্যতম প্রতিষ্ঠাতা
জাতীয় দৈনিক মুক্তকণ্ঠ", "দৈনিক মানবকণ্ঠ", Times world, HelloToday
পত্রিকার শীর্ষ পদে একদা দায়িত্ব পালনকারী সাংবাদিক-সম্পাদক

আলী কদর পলাশ সম্পাদিত

দৈনিক এই আমার দেশ | Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com
দৈনিক গড়ব বাংলাদেশ | একসাথে গড়ব দেশ

নিয়মিত পড়ুন এবং বিজ্ঞাপন দিন



## চুয়াডাঙ্গার সেরা ওসি বিপ্লব কুমার নাথ

**আলমডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গা জেলার শ্রেষ্ঠ ওসি হিসেবে মনোনীত হয়েছেন আলমডাঙ্গা থানার ওসি বিপ্লব কুমার নাথ। পেশাগত দ্বায়িত্ব পালনে মে মাসের সেরা অফিসার সম্মাননা পুরস্কার দেওয়া হয় তার। পুরস্কার দিয়েছেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন। বৃহস্পতিবার সকালে চুয়াডাঙ্গা ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

শুক্রবার ১৬ জুন ২০২৩

### দেয়ে আসছে ঘূর্ণিঝড় ‘বিপর্যয়’

## সরিয়ে নেওয়া হয়েছে এক লাখেরও বেশি মানুষকে



**আন্তর্জাতিক ডেস্ক :** প্রবল গতি নিয়ে ভারত ও পাকিস্তানের উপকূলের দিকে ধেয়ে আসছে অতি শক্তিশালী ঘূর্ণিঝড় ‘বিপর্যয়’। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা নাগাদ গুজরাট এবং পাকিস্তানের মধ্যবর্তী উপকূলে ১৫০ কিমি বেগে ঘূর্ণিঝড়টি আঘাত হানতে পারে বলে জানিয়েছে ভারতের আবহাওয়া অফিস। ক্ষয়ক্ষতি এড়াতে দেশ দুটির এক লাখেরও বেশি মানুষকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার এক প্রতিবেদনে বিবিসি এ তথ্য জানিয়েছে।

ভারত ও পাকিস্তানের আবহাওয়া অফিস সতর্ক করে বলছে, আরব সাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় ‘বিপর্যয়’ স্থানীয় সময় বৃহস্পতিবার সন্ধ্যায় ভারতের গুজরাট রাজ্যে প্রথম আঘাত হানবে বলে আশঙ্কা করা হচ্ছে।

এদিকে শক্তিশালী এই ঘূর্ণিঝড়ের প্রভাবে ভারতে প্রবল বর্ষণে ইতোমধ্যে অন্তত সাতজনের মৃত্যু হয়েছে।

পাকিস্তানে ঝড়টি সিন্ধু প্রদেশের উপকূলে আঘাত হানতে পারে বলে ধারণা করা হচ্ছে। কর্তৃপক্ষ ইতোমধ্যে দক্ষিণ-পূর্ব উপকূল থেকে ৬২ হাজার মানুষকে সরিয়ে নিয়েছে। স্কুলগুলোতে ৭৫টি আশ্রয়কেন্দ্র স্থাপন করা হয়েছে। পাকিস্তানের জলবায়ু পরিবর্তন মন্ত্রী শেরি রেহমান বলেছেন, ২০ লাখেরও বেশি জনসংখ্যার ২-এর পাতায় দেখুন

## ভারতে ফেসবুক বন্ধ করার হুঁশিয়ারি কর্ণাটক হাইকোর্টের

**আন্তর্জাতিক ডেস্ক :** তদন্তে কোনোরকম সহযোগিতা করছে না ফেসবুক সংস্থা মেটা। এই অভিযোগে ভারতে ফেসবুক বন্ধ করে দেয়ার হুঁশিয়ারী দিলো কর্ণাটক হাইকোর্ট। বৃহস্পতিবার একটি মামলার শুনানি চলার সময় এই মন্তব্য করেন বিচারক। সৌদি আরবে শৈলেশ কুমার নামের এক ব্যক্তির অ্যাকাউন্ট থেকে সে দেশের রাজাকে নিয়মিত আক্রমণ করা হতো। রাজপরিবার সম্পর্কে অবমাননা সূচক কথা বলা হতো। সৌদি পুলিশ খোঁজ নিয়ে শৈলেশ কুমার নামক কর্ণাটকের এক ব্যক্তিকে সৌদি থেকেই গ্রেপ্তার করে। তিনি এখনও জেলে। শৈলেশ কুমারের স্ত্রী এরপরই কর্ণাটক আদালতে একটি মামলা করেন- যে অ্যাকাউন্ট রাজা এবং রাজ পরিবারকে গালিগালাজ করা হয়েছে সেটি আদৌ তাঁর স্বামীর নয়। তাঁর স্বামীর নামে কেউ ফেক অ্যাকাউন্ট খুলে কোনো দুষ্কৃতি এই কাজ করেছে। ঘটনার সত্যতা জানতে ফেসবুক কর্তৃপক্ষের কাছে কিছু তথ্য জানতে চায় আদালত।

কিন্তু, দুর্ভাগ্যের কথা ফেসবুক কর্তৃপক্ষ তদন্তে বিন্দুমাত্র সহযোগিতা করেনি। বৃহস্পতিবার এই মামলার শুনানি চলার সময় ফেসবুক কর্তৃপক্ষের এই অসহযোগিতার কথা জানিয়ে বিচারপতি বলেন, তদন্তে আর সহযোগিতা না পেলে ভারতে ফেসবুক বন্ধ করে দেওয়া হবে।

## মুজিবনগরে জমির সীমানা প্রাচীর ভাংচুর ভয়ে শিক্ষার্থীর পরীক্ষা বন্ধ



**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরের মুজিবনগরে জমি জমা সংক্রান্ত বিরোধের জের ধরে জোরপূর্বক জমির সীমানা প্রাচীর ভাঙচুর করা হয়েছে। একই সাথে প্রতিপক্ষ কর্তৃক পরিবারের লোকজনদের হুমকী ধামকী অব্যাহত রেখেছেন। হুমকী ধামকীর পরিপ্রেক্ষিতে তানজিনা খাতুন নামের একজন শিক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে যেতে পারেনি বলে জানা গেছে। বুধবার সকালের দিকে মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামে এ ঘটনা ঘটে। বুধবার দুপুরের দিকে সরেজমিনে মহাজনপুরে গিয়ে মহাজনপুর মাধ্যমিক বিদ্যালয়ের ১০ম শ্রেণীর ঐ ছাত্রী তানজিনাসহ আরও ৩ জন নারীকে বসতবাড়ির কক্ষে গ্রীলে ছিটকিনি আটক অবস্থায় পাওয়া যায়। সাংবাদিকদের উপস্থিতিতে তানজিনা বাইরে এসে জানায়, আমার দাদা আব্দুল্লাহ্র সাথে জমিজমা নিয়ে বিরোধ চলে আসছে একই গ্রামের লাইলী ও তারেকের। এ নিয়ে গত সোমবার দুপক্ষে গন্ডগোল হয়েছে। ওরা জোর পূর্বক বাড়িতে প্রবেশ করে প্রাচীর ২-এর পাতায় দেখুন

## ভারত-মার্কিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টার বৈঠকে আলোচনায় বাংলাদেশ

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা (এনএসএ) অজিত দোভাল এবং যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জ্যাক সুলিভান বৈঠক করেছেন। বুধবার (১৪ জুন) অনুষ্ঠিত প্রতিনিধি পর্যায়ের এই বৈঠকে অন্যান্য বিষয়গুলোর মধ্যে বাংলাদেশ ইস্যুতেও আলোচনা হয়েছে।

এছাড়া ভারত মহাসাগর অঞ্চলে চীনের উচ্চাকাঙ্ক্ষা নিয়েও আলোচনা হয়েছে বৈঠকে। গতকাল বৃহস্পতিবার এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম ইকোনমিক টাইমস। প্রতিবেদনে বলা হয়েছে, ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা (এনএসএ) অজিত দোভাল এবং মার্কিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জ্যাক সুলিভান বুধবার প্রতিনিধি ২-এর পাতায় দেখুন

## সিরাজগঞ্জে সড়ক দুর্ঘটনায় মা-ছেলেসহ তিনজন নিহত

**নিজস্ব প্রতিবেদক :** জেলার সলঙ্গায় বাস ও সিএনজি চালিত অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে মা-ছেলেসহ তিনজন নিহত হয়েছে । এঘটনায় সিএনজি চালকসহ আহত হয়েছেন আরও তিন জন। বৃহস্পতিবার সকালে বঙ্গবন্ধু সেতু পশ্চিম মহাসড়কের সলঙ্গা থানার নলকা সেতু এলাকায় এ দুর্ঘটনাটি ঘটে। বাসের চালক ও হেলপার পলাতক রয়েছে। নিহতরা হলেন, ২-এর পাতায় দেখুন



## শৈলকুপায় কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ ও শিক্ষা উপকরণসহ সেনেটারী ন্যাপকিন বিতরণ

**শৈলকুপা প্রতিনিধি :** বাল্য বিবাহ,আত্মহত্যা প্রবনতা,নারী নির্যাতন ও বয়সন্ধিকালীন শারীরিক ও মানসিক পরিবর্তন সম্পর্কে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার ঝিনাইদহের শৈলকুপায় ‘বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড’(ইরেসপো) ২য়-পর্যায়ের স্কুলগামী কিশোরীদের নিয়ে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। দুপুরে উপজেলার গাড়াগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়ে কিশোরীদের নিয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠানে ১০০ জন কিশোরীদের মাঝে শিক্ষা উপকরণসহ সেনেটারী ন্যাপকিন বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ বিআরডিবির উপ-পরিচালক ২-এর পাতায় দেখুন

## দুর্বৃত্তের হামলায় সাংবাদিক নিহত

**নিজস্ব প্রতিবেদক :** দুর্বৃত্তদের হামলায় খুন হয়েছেন বাংলানিউজটোয়েন্টিফোর.কমের জামালপুর ডিস্ট্রিক্ট করেসপন্ডেন্ট গোলাম রাব্বানী নাদিম। গতকাল বৃহস্পতিবার বেলা পৌনে ৩টার দিকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে তার মৃত্যু হয়।

ময়মনসিংহ মেডিকেল কলেজের পুলিশ ক্যাম্পের ইনচার্জ রফিকুল ইসলাম তার মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন।

গত বুধবার অফিসের কাজ শেষে রাত ১০টার দিকে বাড়ির দিকে যাচ্ছিলেন সাংবাদিক গোলাম রাব্বানী নাদিম ও তার সহকর্মী আল মুজাহিদ বাবু। পথে বকশিগঞ্জ পাথাটিয়ায় পৌঁছালে অতর্কিত সামনে থেকে আঘাত করে চলন্ত মোটরসাইকেল থেকে ফেলে দেওয়া হয় নাদিমকে।

এরপর ১০-১২ জন দেশীয় অস্ত্র নিয়ে ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে মাত্রাতিরিক্ত রাসায়নিক সারের ব্যবহারে পুষ্টিগুণ হারাচ্ছে মাটি



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে মাত্রাতিরিক্ত রাসায়নিক সারের ব্যবহার, উপরিভাগ কেটে নেওয়াসহ নানা কারণে ক্রমাগত পুষ্টিগুণ হারাচ্ছে মাটি। এতে ফসল উৎপাদনে বিরূপ প্রভাব পড়ছে। পাশাপাশি ক্ষতি হচ্ছে পরিবেশের।

ঝিনাইদহ জেলা মৃত্তিকা গবেষণা ইনস্টিটিউটের তথ্য মতে, জেলায় ৬ উপজেলার বিভিন্ন এলাকার মাটিতে প্রয়োজনের তুলনায় কম মাত্রার পুষ্টি উপাদান পাওয়া গেছে। এ জেলায় প্রতি ১০০ গ্রাম মাটিতে নাইট্রোজেন দশমিক ২৭ মাইক্রোগ্রামের পরিবর্তে রয়েছে দশমিক ০৯ মাইক্রোগ্রাম, যা অতি নিম্নমাত্রার। ফসফরাস ২৩-৩০ মাইক্রোগ্রামের পরিবর্তে ১৫ থেকে ২২, পটাশিয়াম দশমিক ২৭ এর পরিবর্তে দশমিক ১৮ মিলিতুল্যাংক, সালফার ২৭ মাইক্রোগ্রামের পরিবর্তে ২২ থেকে ৩০, জিংক ১ দশমিক ৩৫ এর স্থলে দশমিক ৪৫ থেকে দশমিক ৯০ মাইক্রোগ্রাম রয়েছে। পাশাপাশি বোরন দশমিক ৪৫ মাইক্রোগ্রামের পরিবর্তে উচ্চমাত্রায় দশমিক ৬১, অম্লমান ৬ দশমিক ৬০ থেকে ৮ দশমিক ৪০ যা নিরপেক্ষ মাত্রার এবং বেশি দরকারি জৈব পদার্থ রয়েছে ৫ শতাংশের পরিবর্তে ১ থেকে ১ দশমিক ৭০ শতাংশ, যা অতি নিম্নমাত্রায়।

ঝিনাইদহ মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের বৈজ্ঞানিক কর্মকর্তা শিখা নাসরিন বলেন, আগে আমরা এক বা দুই ফসল উৎপাদন ২-এর পাতায় দেখুন



## আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

**আলমডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১১ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে এই সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরের সভাপতিত্বে, অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্হিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন। তিনি বলেন, যে কোন সময়ের চেয়ে আইনশৃঙ্খলা পরিস্থি ভাল,তিনি আরো বলেন,মাদক ব্যাবসায়িদের না ধরে মাদক সেবীদের ধরার প্রবনতা দেখা যাচ্ছে,কিন্ত প্রকৃত মাদক ব্যাবসায়িরা ধরা ছোঁয়ার বাইরে থাকলে সমাজ থেকে মাদক দুর হবে না।হয়ত মাদক নির্মুল করা কঠিন কিন্ত নিয়ন্ত্রন করতে হবে।মাদকের সাথে সমাজের অনেক বড় বড় মাথা ২-এর পাতায় দেখুন

## জমি নিয়ে ভাইয়ে ভাইয়ে দ্বন্দ্ব নেপথ্যে পরনারী



**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুর সদর উপজেলার ফতেপুর গ্রামে পৈত্রিক সম্পত্তি নিয়ে ভাইয়ে ভাইয়ে দ্বন্দ্বের সৃষ্টি হয়েছে। অভিযোগ রয়েছে এক পরনারীর ফাঁদে পড়ে বড় ভাই কুদ্দুসের সমস্ত জমিজমা ওই নারী ও তার সন্তানেরা ভোগ ও জবরদখল করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। এনিয়ে ছোট ভাই সেলিম বাধা হয়ে দাঁড়ালে তার নামে আদালতে একাধিক মামলাও করেছেন বড় ভাই কুদ্দুস। এই ঘটনার সত্যতা যাচায়ে সরজমিনে গেলে দেখা যাই আদালতে মামলা চলমান থাকা অবস্থায় কুদ্দুস রাতের আধারে ১১ কাঠা জমি তারকাটা দিয়ে ঘিরে রেখেছেন। তবে জমিটি নিজের নামে বলে দাবী করেছেন কুদ্দুস। ওই জমির সামনের অংশে সরকারি জমিতে আরজিনা খাতুন নামের এক অসহায় নারী বসবাস করছেন প্রায় এক যুগ ধরে। সেই জায়গাটি সরকারি হলেও কুদ্দুস সেটি নিজের দাবী করে আদালতে মামলা এবং ওই নারীকে প্রতিনিয়ত মৃত্যু ও দোকান, ঘর ভাংচুরের হুমকি অব্যাহত রেখেছেন বলে দাবী করেন ভুক্তভূগী আরজিনা খাতুন। জানা গেছে, কুদ্দুস দীর্ঘদিন যাবত মালয়েশিয়ায় ছিলেন, মালয়েশিয়ায় যাওয়ার আগে থেকেই এলাকার মনোয়ারা নামের এক নারীর বাড়িতে তার অবাধে আসা যাওয়া করে। এই নারীর কারণে কুদ্দুসের তিনটি স্ত্রী সংসার করতে পারেনি। এনিয়ে গ্রামে শালিস ও গ্রামের একধিক ব্যক্তি তাদের সম্পর্ককে অবৈধ বলে গণস্বাক্ষর করলেও কুদ্দুসকে থামানো যায়নি। মনোয়ারার স্বামী সন্তান থাকার পরও কুদ্দুসের সাথে তার ২-এর পাতায় দেখুন



## ফেসবুকে অশ্লীল ছবি পোস্টের প্রতিবাদ করায় ৩ জন ছুরিকাহত

**মেহেরপুর প্রতিনিধিঃ** ফেসবুকে অশ্লীল ছবি পোস্ট করার প্রতিবাদ করায় নাহিদ (১৮) ও জাহিদ (২২) নামের দুই ভাইকে ছুরিকাহত করেছে দুর্বৃত্তরা। এসময় তাদের বাঁচাতে যেয়ে লিমন নামের অপর কিশোর চুরিকাহত হয়ে আহত হয়েছে। বুধবার রাতে মেহেরপুর সদর উপজেলার বৈকন্ঠপুর গ্রামের জিয়ালা পাড়ায় এ ঘটনা ঘটে। আহত নাহিদ ও জাহিদ মেহেরপুর সদর উপজেলার বৈকন্ঠপুর জিয়ালাপাড়া হাসেম আলীর ছেলে।জানাগেছে বৈকন্ঠপুর গ্রামের আবু বক্কর এর ছেলে বিজয়, হাসেম আলীর ছেলে নাহিদের একটি অশ্লীল ছবি ফেসবুকে পোস্ট করে। এ ঘটনায় নাহিদ প্রতিবাদ করতে গেলে নাহিদকে ছুরি দিয়ে তার শরীরের ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরের রাজাবাবুর দাম ৪০ লাখ টাকা



**মুজিবনগর প্রতিনিধিঃ** এবার কোরবানি ঈদের হাটে চমক নিয়ে আসছে ৬০ মণ ওজনের গরু মেহেরপুরের রাজা বাবু। বেপারীরা রাজা বাবুর দাম হাঁকছেন ৪০ লাখ টাকা। রাজাবাবুকে দেখতে ভিড় করছেন উৎসাহী মানুষ। খুলনা বিভাগের সবচেয়ে বড় গরু বলে দাবি জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার। মেহেরপুর মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের কৃষক ইনসান আলী গত চার বছর আগে মাত্র ৮৫ হাজার টাকায় রাজা বাবুকে ক্রয় করেন। এরপর থেকেই নিজের সন্তানের মত লালন পালন করে বড় করেছেন রাজা বাবুকে। রাজা বাবুর ওজন বেড়ে দাঁড়িয়েছে ৬০ মণের উপরে। উচ্চতা প্রায় ৮ ফুট। ফ্রিজিয়াম জাতের এই গরুটি পেছনে খরচ হয় প্রায় দুই হাজার টাকা। প্রচন্ড গরমের তাকে দিনে ৩-৪ গোসল করানো হয়। দূর থেকে মনে হয় একটি হাতি দাঁড়িয়ে আছে। গত বছর ভালো দাম পেয়েও রাজা বাবুকে বিক্রি করিনি দেশ সেরা বড় গরুর তকমা পাবার আশায়। কালো রংয়ের এই গরুটি ৪০ লাখ টাকায় বিক্রির আশা করছেন কৃষক ইনসান আলী। হাটে দেশ সেরা গরুর খ্যাতি অর্জন করবে বলে আশা তার। রাজাবাবুকে দেখতে আসা গাংনীর বয়রা গ্রামের আলীম ও তার নানী আমেনা জানান, জীবনে এমন বড় গরু দেখেন নি তারা। রাজাবাবুর খাবার ও যত্ন নেয়ার বিষয়ে জানছেন ও তারাও গরু মোটাতাজাকরণ করবেন বলে জানান এই দুইজন। গোয়ালগ্রামের রাব্বি ও আব্দুর রহমান জানান, বাড়ির পাশে অনেকেই গরু পালন ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) সম্পাদক ও প্রকাশক : আলী কদর পলাশ, ভারপ্রাপ্ত সম্পাদক : তানভীর হাসান (জিসান হাই),ব্যবস্থাপনা সম্পাদক : আশরাফুল আলম চঞ্চল, নির্বাহী সম্পাদক : তুহিন আরণ্য
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮

# সম্পাদকীয়

দৈনিক এই আমার দেশ
১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### সংসদে স্বরাষ্ট্রমন্ত্রীর উদ্বেগ

## কীভাবে হবে কিশোর অপরাধ দমন?

গ্যাং কালচার সাম্প্রতিক সময়ে সামাজিক ও জাতীয় উদ্বেগের বিষয়ে পরিণত হয়েছে। গত মঙ্গলবার সংসদ অধিবেশনে বিপথগামী শিশু-কিশোররা অপরাধ সংঘটনের উদ্দেশ্যে গ্যাং কালচারে জড়িয়ে পড়ছে বলে সংসদকে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। কিশোর গ্যাংয়ের অপরাধপ্রবণতার বিষয়টি স্বীকার করে তিনি বলেছেন, বিভিন্ন বাহারি নামের অনলাইন ও অফলাইনভিত্তিক গ্যাং গঠন করে এসব বিপথগামী শিশু-কিশোর মারামারি-হানাহানিতে লিপ্ত হচ্ছে। রাজধানীসহ দেশের প্রধান শহরগুলোতে কিশোর-তরুণরা বিভিন্ন গ্যাংয়ের মাধ্যমে অপরাধ করছে। তুচ্ছ ঘটনায় বখে যাওয়া কিশোরদের এক গ্রুপ হামলে পড়ছে অন্য গ্রুপের সদস্যদের ওপর। ধাওয়া পাল্টা-ধাওয়ার বাইরেও ঘটছে খুনের ঘটনা। সর্বশেষ রাজধানীর দারুসসালাম থানার লালকুঠি এলাকার বসুপাড়ায় গত ২২ মে স্কুলছাত্র সিয়াম খানকে (১৪) প্রকাশ্যে কুপিয়ে হত্যা করে দুর্বৃত্তরা। তার আগে ১০ মে দনিয়া কলেজের সামনে 'জুনিয়র-সিনিয়র' দ্বন্দ্বে খুন হয় মাধ্যমিক পরীক্ষার্থী তাজন ইসলাম ওরফে মুশফিক। দুটি হত্যাকাণ্ডের পেছনেই রয়েছে এলাকাভিত্তিক অপরাধী চক্রের তৎপরতা। সংশ্লিষ্টরা বলছেন, এই কিশোররা আগামীর ভবিষ্যৎ। এভাবে চলতে থাকলে ভবিষ্যতে কিশোর সন্ত্রাস নতুন একটি সামাজিক ব্যাধি হিসেবে আবির্ভূত হওয়ার আশঙ্কা রয়েছে। রাজধানীতে সক্রিয় 'কিশোর গ্যাংয়ের' তালিকা করছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। এখন পর্যন্ত এই তালিকায় ৫২টি চক্রের নাম এসেছে। ডিএমপির আটটি অপরাধ বিভাগের অধীন ৩৩ থানা এলাকায় এসব চক্রের সদস্য সংখ্যা প্রায় ৬৮২। ডিএমপির আটটি অপরাধ বিভাগের মধ্যে সবচেয়ে বেশি 'কিশোর গ্যাং' মিরপুরে বিভাগে। এই বিভাগে ১৩টি কিশোর অপরাধী চক্রের ১৭২ সদস্য সক্রিয় বলে পুলিশের তালিকায় উল্লেখ রয়েছে। রাজধানীতে প্রতি মাসে গড়ে ২০টি হত্যার ঘটনা ঘটছে। এর বেশির ভাগ ঘটনায় কিশোর অপরাধীরা জড়িত বলে পুলিশের তদন্তে উঠে এসেছে। ঢাকার শিশু আদালতের নথি অনুযায়ী গত ১৫ বছরে রাজধানীতে কিশোর-তরুণদের সিনিয়র-জুনিয়র দ্বন্দ্বে ৮৬টি খুনের ঘটনা ঘটেছে। আর পুলিশের তথ্য মতে, গত ১৭ বছরে ঢাকায় কিশোর অপরাধীদের হাতে ১২০ জন খুন হয়েছে। বিশেষজ্ঞদের মতে, শিথিল পারিবারিক বন্ধন, মা-বাবার সন্তানকে সময় না দেয়া, সামাজিক অবক্ষয়, স্বল্প বয়সে স্মার্টফোনসহ উন্নত প্রযুক্তি উপকরণের নাগাল পাওয়া, সঙ্গদোষ ইত্যাদি কারণে কিশোরদের অপরাধে যুক্ত হওয়ার প্রবণতা বাড়ছে। এছাড়া কিশোরদের হাতে পর্যাপ্ত টাকা দেয়া, যৌক্তিকতা বিচার না করেই সব আবদার পূরণ করা এবং সন্তান কী করছে সে বিষয় পর্যবেক্ষণ না করায় অপরাধপ্রবণতা বাড়ছে বলে সমাজবিজ্ঞানীরা মনে করছেন। কিশোররা যেন অপরাধে জড়াতে না পারে এবং কেউ তাদের অসৎ কাজে ব্যবহার করতে না পারে, সে বিষয়ে নজর দিতে হবে। এ জন্য সবার আগে পরিবার তথা মা-বাবাকে এগিয়ে আসতে হবে। সন্তানরা কী করে, কার সঙ্গে সময় কাটায়- এসব খেয়াল রাখতে হবে। সন্তানদের অযৌক্তিক আবদার পূরণ করার আগে ভাবতে হবে। স্কুল কারিকুলামের বাইরে শিশু-কিশোরদের খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে আকৃষ্ট করা এবং যুক্ত করার সুযোগ বাড়াতে হবে। কিশোর অপরাধ রুখতে ছিন্নমূল শিশু-কিশোরদের পুনর্বাসনের উদ্যোগ নিতে হবে। যারা ইতোমধ্যে অপরাধ চক্রে জড়িয়ে গেছে, তাদের জন্য উপযুক্ত কাউন্সেলিংয়ের ব্যবস্থা করতে হবে।

## ঝিনাইদহে মাত্রাতিরিক্ত রাসায়নিক

করতাম। জনসংখ্যা বৃদ্ধির জন্য খাদ্যের চাহিদা বেড়েছে। সেক্ষেত্রে ৩ বা ৪ ফসল উৎপাদন করতে হচ্ছে। আর এই ফসল উৎপাদন করতে গিয়ে রাসায়নিক সারের বেশি ব্যবহার করতে হচ্ছে। যে কারণে মাটির পুষ্টিগুন দিন দিন কমে যাচ্ছে।
এদিকে কৃষকরা বলছেন আগের থেকে বর্তমানে দ্বিগুন পরিমান সার প্রয়োগ করতে হচ্ছে। নতুবা ফসল ভালো উৎপাদন হচ্ছে না।
সদর উপজেলার ডেফলবাড়িয়া গ্রামের কৃষক নজরুল ইসলাম বলেন, কয়েক বছর আগেও যে জমিতে ১০ কেজি সার দিয়ে আবাদ করতাম। সেই একই জমিতে এখন ২৫ কেজি সার দিতে হয়। অনেক সময় এতেও কোন কাজ হয় না। আমাদের তো উপায় নেই। ফসল উৎপাদন করতে হলে তো সার দিতেই হবে।
শৈলকুপা উপজেলার উত্তর মির্জাপুর গ্রামের কৃষক রুহুল শেখ বলেন, শুনেছি মাটি পরীক্ষা করে সার দিলে ভালো হয় কিন্তু কোথায় যাব কিভাবে করব তা তো কেউ কোনদিন বলেনি। মাটি পরীক্ষার বিষয়টি আরও সহজ করলে আমাদের জন্য ভালো হবে।
এ ব্যাপারে ঝিনাইদহ জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী বলেন, জলায় চাষযোগ্য জমি রয়েছে ১ লাখ ৫০ হাজার ২৩৫ হেক্টর। বর্তমানে জেলায় রাসায়নিক সারের চাহিদা ১ লাখ ৫৩ হাজার ১'শ ৯৭ মেট্রিক টন। প্রতি বছর ২ হাজার হেক্টর সারের চাহিদা বেশি হচ্ছে। এ অবস্থায় রাসায়নিক সারের পরিমিত ব্যবহার করতে আমরা কৃষকদের নানা পরামর্শ দিচ্ছি। সেই সাথে জৈব সারের ব্যবহার বাড়ানোর পরামর্শ দিচ্ছি।

## ঝিনাইদহে শিশু ধর্ষণ মামলায় এক

৮ মে চাকলাপাড়ার কৃষ্ণপদ হালদারের ১০ বছর বয়সী শিশু কন্যাকে চকলেট খাওয়ানোর লোভ দেখিয়ে অনন্ত সরকার স্থানীয় একটি কোচিং সেন্টারে নিয়ে ধর্ষণ করে। আসামী রাজনৈতিক দলের প্রভাবশালী কর্মী হওয়ায় ভিকটিমের পরিবার মামলা করতে অপারগতা প্রকাশ করলে ঝিনাইদহ সদর থানার এসআই উজ্জল মৈত্র বাদি হয়ে মামলা করেন। পিপি অ্যাডভোকেট বজলুর রহমান আরো জানান, মামলা চলাকালে রাজনৈতিক প্রভাব খাটিয়ে সাক্ষি ও রাষ্ট্রপক্ষের আইনজীবীকে হুমকী ধমকি দিতে থাকে অনন্ত সরকার। ক্রমাগত হুমকি দিয়েও বাদি ও সাক্ষীদের ম্যানেজ করতে না পেরে আসামী অনন্ত সরকার গোপনে পার্শ্ববর্তী দেশ ভারতে পাড়ি জমান। এদিকে আদালত সাক্ষ্য প্রমানের ভিত্তিতে আসামীর অনুপস্থিতিতে বৃহস্পতিবার অনন্ত সরকারকে যাবজ্জীবন কারাদণ্ড ও ১ লাখ টাকা জরিমানা করেন। অন্যদিকে ভয়ভীতির উর্দ্ধে থেকে শক্ত ভাবে ধর্ষণ মামলা পরিচালানার জন্য আদালতের বিচারক মোঃ মিজানুর রহমান পিপি অ্যাডভোকেট বজলুর রহমানকে ধন্যবাদ জানান।

## শৈলকুপায় বালুবাহী ট্রলির ধাক্কায়

আবাইপুর গ্রামে। নিহত জাবুল শেখ আবাইপুর গ্রামের আব্দুর রশিদ শেখের ছেলে।
স্থানীয়রা জানান, জাবুল শেখ আবাইপুর মাঠে কাজ শেষে বাড়ি ফিরছিলেন। এমন সময় যুগণী-বাগণী গামী একটি বালু বোঝায় ইঞ্জিন চালিত ট্রলি জাবুল শেখকে চাপা দেয়। সাথে সাথে তাকে উদ্ধার করে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয় বলে জানা যায়।
শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আমিনুল ইসলাম বলেন, আবাইপুর গ্রামে জাবুল শেখ নামের এক ব্যক্তি বালু বোঝায় ইঞ্জিন চালিত ট্রলির ধাক্কায় নিহত হয়েছে।

## শৈলকুপায় কিশোরীদের সচেতনতামূলক

মোঃ আরিফুল ইসলাম, প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাঃ সোহেলী ইসলাম, প্রশিক্ষণ কোর্স উপদেষ্টা ও প্রধান শিক্ষক ইব্রাহিম খলিল, কোর্স পরিচালক ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মোঃ কামরুল হাসান,১৩ নং উমেদপুর ইউনিয়নের চেয়ারম্যান সাব্দার হোসেন মোল্লা,সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা মোঃ এনায়েতুল্লাহ প্রমুখ। এসময় বক্তারা, উপস্থিত কিশোরীদের উদ্দেশ্যে বাল্যবিবাহ,আত্মহত্যা,নারী নির্যাতন ও বয়ঃসন্ধিকালীন শারীরিক ও মানসিক পরিবর্তন সম্পর্কে বিস্তারিত দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন এবং শিক্ষা উপকরণ সহ স্যানিটারি ন্যাপকিন তুলে দেন।

## মুজিবনগরে জমির সীমানা প্রাচীর

ভাংচুর করে এবং আমার দাদা আব্দুল্লাহ, দাদি মরিয়ম ও বাবা শাফিউলকে মারধর করে আহত করে। ওদের হুমকী ধামকীতে দাদা ও বাবা এখনও বাড়িতে ফিরতে পারছেনা। পাশের বাড়ির লাইলী নামের একজন মহিলা আমি ঘর থেকে বাইরে বেরুলেই আমার পা কেটে ফেলবে বলে হুমকী প্রদান করে আসছে। স্কুলে গেলেও পথিমধ্যে আমাকে আটক করে পা কেটে দিলেই নাকি (কোন টানলে মাথা আসবে) আমার বাবাকে পাওয়া যাবে বলে হুমকী অব্যাহত রেখেছেন। এ ভয়ে ভীতু হয়ে ইংরেজি ১ম পত্র পরীক্ষা থাকলেও বুধবার পরীক্ষা কেন্দ্রে যাওয়া সম্ভব হয়নি। বিদ্যালয়ে লিখিত অভিযোগ করবো তারও উপায় নেই। বাইরে বেরুলেই নাকি পা কেটে দেওয়া হবে বলে হুমকী দিচ্ছে লাইলীসহ অনেকে। উল্লেখ্য, গত সোমবার জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে আব্দুল্লাহর প্রাচীর ভাংচুর করে মহাজনপুর গ্রামের মৃত সিতাব আলীর ছেলে সোহরাব হোসেন ওরফে কালু, মৃত আইজুদ্দিনের ছেলে আব্দুস সাত্তার ওরফে বাটুল, মৃত কাংলার স্ত্রী লাইলী খাতুন ও আরশেদ আলীর ছেলে তারেক। এনিয়ে উভয়পক্ষে কয়েকজন আহত হন। আব্দুল্লাহ ও তিনার ছেলে শাফিউল চিকিৎসাধীন অবস্থায় থাকায় বাড়িতে কোন পুরুষ মানুষ নেই। সুযোগ কাজে লাগিয়ে আব্দুল্লাহর জমিতে গত মঙ্গলবার থেকে মাটি ভরাট ও টিনের ঘরসহ রান্নার চুলা নির্মাণ শুরু করে তারেক ও তার পরিবারের সদস্যরা। যা সাংবাদিক ও পুলিশের উপস্থিতিতে বুধবার বিকেলে বন্ধ হয়ে যায়। কিন্তু হুমকী অব্যাহত রেখেছেন তারা। এদিকে গত সোমবার সীমানা প্রাচীর ভাংচুর ও মারধরের ঘটনায় মুজিবনগর থানায় লিখিতভাবে এজাহার দায়ের করেছেন ভুক্তভোগী আব্দুল্লাহ। এজাহারে জানান, লাইলী ও তারেকের সাথে জমিজমা নিয়ে বিরোধ রয়েছে। বিগত আনুমানিক ৬ মাস পূর্বে আসামী সোহরাব হোসেন ওরফে কালু, আব্দুস সাত্তার ওরফে বাটুল, লাইলী খাতুন ও তারেকের উপস্থিতিতে সার্ভেয়ার দ্বারা মাপজোখের পর সীমানা চিহ্নিত করিয়া পাকা দেওয়ালের জন্য পোতা নির্মাণ করা হয়। গত সোমবার উল্লেখিত পোতায় প্রাচীর নির্মাণ কাজ চলছিল। উক্ত দিনে সকাল ৯ টার দিকে আসামীগণ কাঠের বাটাম, শাবল ও হাতুড়িসহ বিভিন্ন অস্ত্র নিয়ে আমার জমির মধ্যে অনাধিকার প্রবেশ করে জমির সীমানা প্রাচীর ভাঙচুর করতে থাকে। আসামীরা সীমানা প্রাচীর ভাংচুর করে প্রায় ৮০ হাজার টাকা ক্ষতিসাধিত করে। এ সময় ভাঙচুরে নিষেধ করলে বাটুল ও তারেক আমাকে কিল, ঘুষি মারতে থাকে। আমার চিৎকারে বড় ছেলে শাফিউল আসামীদের হাত থেকে আমাকে উদ্ধারের জন্য এগিয়ে আসলে কালু তার হাতে থাকা কাঠের বাটাম দ্বারা শাফিউলকে হত্যার উদ্দেশ্যে তার মাথা বরাবর সজোরে আঘাত করলে (মাথার সম্মুখভাগে কপালের ডান পাশের উপরিভাগে লেগে) কেটে রক্তাক্ত মারাত্মক গুরুতর যখম হয়। উক্ত আঘাতে শাফিউল মাটিতে লুটিয়ে পড়লে কাল্লুর হাতে থাকা কাঠের বাটাম দ্বারা ডান হাতের কনুইয়ের উপর, পিঠ, কোমর ও শরীরের বিভিন্ন স্থানে এলোপাথাড়িভাবে আঘাত করে ছেঁচা, ছিলা, নীলাফোলা বেদনাদায়ক জখম করে ও অন্যান্য আসামীরা একযোগে আমাকে ও শাফিউলকে এলোপাতাড়ি ভাবে কিল, ঘুষি ও লাথি মেরে নীলা পোলা যখম করলে আমাদের চিৎকার আশে পাশের লোকজন ছুটে এসে আমাদের দুজনকে উদ্ধার করে। এ সময় আসামীরা ভয়ভীতি প্রদর্শন করে স্থান ত্যাগ করে। আসামীদের দ্বারা আব্দুল্লাহর পরিবারের লোকজনের বড় ধরনের ক্ষয়ক্ষতির সম্ভাবনা রয়েছে বলেও এজাহারে উল্লেখ করেন। পরবর্তীতে স্থানীয় লোকজনের সহযোগিতায় শাফিউলকে ২৫০ শয্যা বিশিষ্ট মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। শাফিউল কিছুটা সুস্থ হলে আইনী সহায়তা ও সুষ্ঠ বিচারের দাবীতে এজাহার দায়ের করেন তার বাবা আব্দুল্লাহ। এদিকে সামান্য বিষয় নিয়ে ৫নং ওয়ার্ডের মেম্বারকে মারধর ও তারেক কর্তৃক প্রাচীর ভাংচুর করে জোরপূর্বক ঘর নির্মাণে জমি নিয়ে বিরোধের সমাধান পেছালো বলে জানান ৬নং ওয়ার্ডের মেম্বার।
মহাজনপুর ইউপি চেয়ারম্যান আমাম হোসেন মিলুকে ফোন করা হলে তিনি বিষয়টি সম্বন্ধে অবগত রয়েছেন। এসময় তিনি ৫নং ওয়ার্ডের মেম্বারকে মারধরের বিচারের পরে জমিজমা সংক্রান্ত বিরোধের সমাধানের কথা জানান। মহাজনপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শফিকুল ইসলামকে ফোন করা হলে তিনি বিদ্যালয়ের শিক্ষার্থী হুমকী ধামকীর কারণে পরীক্ষা কেন্দ্রে যেতে পারেনি তা অজানা বলে জানান। তিনি শিক্ষার্থীর বাড়িতে গিয়ে খোঁজ-খবর নেবেন এবং বিষয়টি ম্যানেজিং কমিটিকে জানিয়ে পরীক্ষা কেন্দ্রে যাওয়ার ব্যবস্থা করবেন বলে জানান। মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেলকে ফোন করা হলে তিনি সাংবাদিকদের জানান, কোমরপুর ফাঁড়ির অফিসার ইনচার্জ দুবার ঘটনাস্থলে গেছে বলে জানান। একইসাথে শিক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে কেন যেতে পারেনি তা ক্ষতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন।

## চুয়াডাঙ্গার সেরা ওসি বিপ্লব কুমার নাথ

পুলিশ লাইন্স ড্রিলশেডে জেলা পুলিশের মাসিক কল্যাণ সভায় আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিপ্লব কুমার নাথকে সেরা অফিসার সম্মাননা ক্রেস্ট, সার্টিফিকেট ও পুরস্কার প্রদান করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন। যোগদানের পর থেকে আলমডাঙ্গা থানার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক, মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা দেন আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বিপ্লব কুমার নাথ । যার ফলশ্রুতিতে কাজের দক্ষতায় বিশেষ অবদান রাখায় সেরা পুরস্কারটি লুফে নিয়েছেন তিনি। এছাড়াও গত এপ্রিল মাসে তিনি চুয়াডাঙ্গা জেলার সেরা অফিসার নির্বাচিত হয়েছিলেন।
এসময় চুয়াডাঙ্গা জেলা পুলিশে কর্মরত অফিসার ফোর্সদের বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠত্ব অর্জন করায় এবং দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করায় ভালকাজের স্বীকৃতি স্বরূপ সর্বমোট ৮৪ জনকে পুরস্কৃত করা হয়।
কল্যাণ সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানাসহ জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা।

## দুর্বৃত্তের হামলায় সাংবাদিক নিহত

সড়ক থেকে মারধর করতে করতে টেনে হিঁচড়ে এক অন্ধকার গলিতে নিয়ে এলোপাতাড়িভাবে আঘাত করেন তাকে। সেসময় সহকর্মী মুজাহিদ তাদের আটকাতে গেলে তাকেও মারধর করেন তারা।
পরে স্থানীয় বাসিন্দাসহ মুজাহিদ তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। কিন্তু আঘাত গুরুতর হওয়ায় তাকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয় উন্নত চিকিৎসার জন্য।
গত বুধবার রাত ১০টার দিকে বকশিগঞ্জের পাথাটিয়ায় ডাচ্-বাংলা ব্যাংকের বুথের সামনে ঘটে যাওয়া এমন হামলার নৃশংসতার বিবরণ দেন সাংবাদিক গোলাম রাব্বানী নাদিমের সহকর্মী আল মুজাহিদ বাবু।
তিনি বলেন, সাধুরপারা ইউনিয়নের চেয়ারম্যান মাহমুদ আলম বাবুর বিরুদ্ধে নাদিমসহ আমরা কয়েকজন নিউজ করেছিলাম সেখান থেকেই তিনি ক্ষিপ্ত হয়ে আছেন আমাদের ওপর। পরে আমাদের নামে ডিজিটাল আইনে মামলাও করেন তিনি। সেই মামলা গতকাল ময়মনসিংহের সাইবার ট্রাইব্যুনাল খারিজ করে দিয়েছেন। এ নিয়ে ফেসবুকে একটি স্ট্যাটাস দেওয়া হয়েছিল। এর দুই তিন ঘণ্টা পর রাতে অফিস থেকে বাড়ি ফেরার পথে নাদিমের ওপর হামলা হয়।
তিনি আরও বলেন, নাদিমকে চলন্ত মোটরসাইকেল থেকে গলা ধরে ফেলে দিয়ে তারপর পাশের একটি অন্ধকার গলিতে টেনে-হিঁচড়ে নিয়ে গিয়ে মারধর করেন মাহমুদ আলম বাবুর লোকজন। ঘটনার সময় ওই গলিতে অন্ধকারে আড়ালে দাঁড়িয়েছিলেন চেয়ারম্যান মাহমুদ আলম বাবু। সেসময় তার ছেলে ফয়সাল, রিফাত, রেজাউল, মনির, সাইদসহ আরও কয়েকজন ছিলেন। মারধরের সময় আমি আটকাতে গেলে আমাকেও তারা মারেন। পরে স্থানীয়রা এগিয়ে এলে চেয়ারম্যানের সন্ত্রাসী বাহিনী চলে যায়। পরে নাদিমকে উদ্ধার করে হাসপাতালে নেওয়া হয়।
গেল ১০ মে ইউপি চেয়ারম্যান মাহমুদুল আলম বাবুকে নিয়ে সংবাদ সম্মেলন করেন তার দ্বিতীয় স্ত্রী সাবিনা ইয়াসমিন। এ নিয়ে বাংলানিউজে 'দুইবার বিয়ের পরও সন্তান-স্ত্রীকে অস্বীকার করছেন ইউপি চেয়ারম্যান!' শিরোনামে সংবাদ প্রকাশিত হয়।
পরে ১৪ মে তার স্ত্রীর বক্তব্য নিয়ে 'আমি আমার স্বামী চাই, একসঙ্গে সংসার করতে চাই' শিরোনামে বাংলানিউজে আরও একটি সংবাদ প্রকাশিত হয়।
পরে ২০ মে সাবিনা ইয়াসমিন তার স্বামী মাহামুদুল আলম বাবুকে আওয়ামী লীগ থেকে বহিষ্কার অথবা পদ থেকে তার অব্যাহতি চেয়ে আবেদন করেন। বাবু জামালপুরের বকশীগঞ্জ উপজেলার সাধুরপাড়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। এ নিয়েও বাংলানিউজে 'আ.লীগ থেকে স্বামীর বহিষ্কার চেয়ে স্ত্রীর আবেদন' শিরোনামে সংবাদ প্রকাশ হয়।
এর আগে গত ১৪ মে ময়মনসিংহ সাইবার ক্রাইম ট্রাইব্যুনালে জামালপুরে নাদিমসহ দুই সাংবাদিকের বিরুদ্ধে মামলা করেন সাধুরপাড়া ইউনিয়নের চেয়ারম্যান মাহামুদুল আলম বাবু। ১৪ জুন আদালত মামলাটি খারিজ করেন। তার মৃত্যুতে শোকাহত বাংলানিউজ পরিবার। বাংলানিউজের সম্পাদক জুয়েল মাজহার এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। হত্যাকাণ্ডে জড়িতদের শাস্তি দাবি করেছেন তিনি।

## দৈনিক এই আমার দেশ পত্রিকায়

পাঠানের নামে অর্থ গ্রহণ, বৈদেশিক কর্মসংস্থান সম্পর্কিত চাহিদা পত্র ভিসা সংগ্রহ করে আটকে রেখে ক্রয় বিক্রয় ও সহায়তা সংক্রান্ত অভিযোগে বৈদেশিক কর্মসংস্থান এবং অভিবাসী আইন/২০১৩ এর ৩২ (ক) (খ) (গ)(ঘ)/৩৩ /৩৬ ধারায় মুজিবনগর থানার মামলা দায়ের করা হয়েছে। যার মামলা নং ১১। জিজ্ঞাসাবাদ শেষে তাদের আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে। উল্লেখ্য এই আমার দেশ পত্রিকায় মেহেরপুরে দালাদের খপ্পরে নি:স্ব আর্ধশত পরিবার শিরোনামে সংবাদ প্রকাশ হয়। এ সংবাদে ভুক্তভুগি মোনাখালি গ্রামের কাজল বিশ্বাস বলেন দারিয়াপুর গ্রামের আদম দালাল সাগর আলীর ও তার মা লালফাতুন খাতুনের মাধ্যমে সৌদি আরব যায়। সৌদি পৌছানোর পর আমরা বুঝতে পারি জাল ভিসায় এসেছি। তিন মাসে কোন কাজ মেলেনি। পরে পুলিশের কাছে ধরা দিয়ে ১৪ দিন জেল খেটে বাড়ি ফিরে আসি। বিদেশে শ্রমিক পাঠানোর কথা স্বিকার করে সাগর বলেন, ১৮ জনকে সৌদি পাঠিয়েছি। প্রথম দিকে কোম্পানীর একটু সমস্যা হয়েছিল। বিদেশে শ্রমিক পাঠানো কাজের কোন লাইসেন্স আছে কিনা জানতে চাইলে সাগর বলেন, আমার এক মামার মাধ্যমে বিদেশ পাঠাই।

## আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা

জড়িত আছে। তিনি বলেন,সম্প্রতি আলমডাঙ্গা সরকারি স্কুলের প্রধান শিক্ষককে শারিরিক ভাবে লাঞ্চিত করা হয়েছে,যা অনভিপ্রেত।তার মত একজন মহিলা সে অভিভাবক হলেও ছেলের পিতা বেঁচে থাকতে একজন মহিলা কি করে অভিভাবক সেজে প্রধান শিক্ষক কে শারিরিক ভাবে লাঞ্চিত করে,যেখানে সকল শিক্ষক, ছাত্ররা উপস্থিত ছিল,আমার ধারনা এই ঘটনা পুর্ব- পরিকল্পিত ভাবে সাজিয়ে এনে প্রধান শিক্ষককে লাঞ্চিত করা হয়েছে।সমাজের সর্বস্তরের মানুষ যখন ফুসে উঠেছে তখন নামকা ওয়াস্তে শিক্ষকরা তার পক্ষে কথা বলেছে।এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ভাইস চেয়ারম্যান এবং উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক উপজেলা চেয়ারম্যানের বক্তব্যের সাথে একাত্বতা ঘোষনা করেন। বর্তমানে আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা পরিস্থিতি আগের যে কোন সময়ের চেয়ে ভাল আছে,বিশেষ করে বর্তমান ওসি তদন্ত বলেন আমরা আইন শৃঙ্খলা পরিস্থিতি ভল রাখতে স্বর্বাত্বক চেষ্টা করছি।সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্হিত ছিলেন ,আলমডাঙ্গা, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মেদ ডন,মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মার্জাহান নিতু,ডাঃ হাদী জিয়াউদ্দিন আহমেদ,উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ইয়াকুব আলী, ,থানা অফিসার তদন্ত একরামুল হোসেন,কৃষি অফিসার হোসেন শহিদ সোহরোয়ার্দি,উপজেলা প্রকৌশলী আরিফুদৌলা। প্রকল্প কর্মকর্তা এনামুল হকের উপস্থাপনায়, সভায় স্বাগত বক্তব্য রাখেন ওসি তদন্ত একরামুল হোসেন ।আন্যদের মধ্যে বক্তব্য রাখেন
উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি,উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা,ডিপিএইচই আশিবুজ্জামান, ,আবাসিক প্রকৌশলী শাহিনুর রহমান ,ডাঃ বেলু, বিআর ডিবি কর্মকর্তা সায়লা সারমিন,তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস,ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম,আবু সাইদ পিন্টু,মৎস কর্মকর্তা ফাতেমা কামরুন নাহার আঁখি,মেডিকেল অফিসার শারমিন সুলতানা,ভারপ্রাপ্ত অধ্যক্ষ সরকারি কলেজ মোনায়েম হোসেন,মহিলা কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন,পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ ফজলুল হক,পৌর সভার কাউন্সিলর খন্দকার মজিবুল হক,উপজেরা মাধ্যমিক শিক্ষা অফিসার ফজলুল হক ,,ইউপি চেয়ারম্যান আশিকুর রহমান ওল্টু, তাফসির আহম্মেদ লাল,তবারক হোসন,,নজরুল ইসলাম,মোজাহিদুর রহমান লোটাস,ইমদাদুল হক,সরোয়ার হোসেন,শাহিনুর রহমান,মখলেছুর রহমান শিলন,তরিকুল ইসলাম,শেখ আসাবুল হক মিকা,মাহমুদুল হাসান চঞ্চল,মিনহাজ উদ্দিন,মহিলা কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন,যুব উন্নয়ন কর্মকর্তা আলাউদ্দিন,প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু,সম্পাদক হামিদুল ইসলাম আজম,সরকারি স্কুলের প্রধান শিক্ষক রবিউল ইসলাম,বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, প্রমুখ।

## মেহেরপুরের রাজাবাবুর

করছেন। তাদের মুখ থেকে রাজাবাবুর কথা শুনে দেখতে এসেছেন। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সাইদুর রহমান জানান, প্রতিটি বাড়িতে গরু মোটাতাজা করা হচ্ছে। সবচেয়ে আকর্ষণীয় রাজাবাবু যা এলাকার মধ্যে সবচেয়ে বড় গরু বলে মনে করেন এলাকাবাসীরা। অনেকে আবার বলেন যদি শুঁড় লাগিয়ে দেওয়া হয় তাহলে দূর থেকে মনে হবে একটি হাতি দাঁড়িয়ে আছে।

## ফেসবুকে অশ্লীল ছবি পোস্টের

বিভিন্ন অংশে আঘাত করে, উপর্যপুরি চাকুর আঘাতে নাহিদের কোমরের কিছুটা উপরে সমগ্র পিঠে আড়াআড়িভাবে গভীর ক্ষতের সৃষ্টি হয়। এ সময় তার ভাই জাহিদ ও লিমন বিজয়কে নিবৃত করতে এগিয়ে গেলে তাদেরকেও ছুরি দিয়ে আঘাত করা হয়। এসময় ধস্তাধস্তিতে জাহিদের ডান হাত ভেঙে যায় এবং বুকে ও বাম হাতে ছুরিকাহত হয়। আহত নাহিদ, জাহিদ ও লিমন কে উদ্ধার করে মেহেরপুর-২৫০ শয্য বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করে । আহত নাহিদের অবস্থা গুরুতর হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে ।জাহিদ ও লিমন কে প্রথমিক চিকিৎসা দিয়ে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়। এ ঘটনায় মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের হয়েছে।

## জমি নিয়ে ভাইয়ে ভাইয়ে দ্বন্দ্ব

সম্পর্কের বিষয়টি নিজ এলাকা থেকে শুরু করে আশেপাশের এলাকার অনেকেই অবগত আছে। মনোয়রা একই গ্রামের মুছা কলিমের স্ত্রী।
এই ঘটনায় কুদ্দুস এর ছোট ভাই সেলিম বলেন, আমার বড় ভাই দির্ঘদিন বিদেশে ছিলেন, তার নিজের কোন সন্তান নেই তবুও স্থানীয় মনোয়ারা নামের এক নারীর সাথে সম্পর্ক গড়ে তার সমস্থ অর্থ ও সম্পত্তি নষ্ট করে ফেলেছে। মনোয়ারার একটি ছেলেকে নিজের ছেলে দাবি করে আমার বাবার দিয়ে যাওয়া পৈত্রিক সম্পত্তি মনোয়ারার ছেলেকে লিখে দিয়েছেন। তাদের সাথে আমাদের রক্তের কোন সম্পর্ক নেই, তারা আমাদের কোন শরিক ও নয়, শুধুমাত্র মনোয়ারা আমার ভায়ের সাথে অবৈধ সম্পর্ক করে তাকে ফুসলিয়ে তার সম্পত্তিগুলো লিখে নিচ্ছেন। যদিও তাদের সম্পর্কের বৈধতার কোন প্রমান নেই।
তিনি আরও বলেন, আমার যেখানে জমি আছে সেখানেই তারা দখল করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রতিনিয়ত হুমকির মধ্যে বাস করছি। তাদের একটাই তার্গেট আমার জমি দখলে নেওয়া। এর আগে তারা আমার পাট ক্ষেত নষ্ট, বাড়ির জমি ও অন্যান্য জমিজায়গা কথিত সন্তানদের নিয়ে বিভিন্নভাবে দখল পায়তারা করে আসছে।
এদিকে অভিযোগ মিথ্যা বলে দাবি করেন বড় ভাই কুদ্দুস বলেন, আমি দীর্ঘদিন বিদেশে থেকেছি। কর্মজীবন শেষ করে বাড়িতে ফিরে আমার দুই চোখে সমস্যা হয়েছিলো। এমন সময় আছে আমি চোখে দেখতেও পাইনি। আর আমার সেই অসময়ে আমার পাশে থেকে আমাকে সহযোগিতা করেছেন মানোয়ারার ছেলে শান্ত। যে কারনে আমি তাকে আমার ছেলে হিসেবে নিয়েছি। আর তাই আমার সম্পদ আমি তাকে লিখে দিয়েছি, প্রয়োজনে আরও দেবো। যদিও শান্তকে ছেলে হিসেবে দত্তক নেয়ার বৈধ কোন কাগজ দেখাতে পারেননি কুদ্দুস। তিনি বলেন শুধুমাত্র মৌখিকভাবে তাকে আমি ছেলে হিসেবে তাকে নিয়েছি।

## হরিণাকুন্ডুতে বঙ্গবন্ধু-বঙ্গমাতা

কর্মকর্তা সুস্মিতা সাহার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে এ খেলার উদ্বোধন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন। এসময় উপস্থিত ছিলেন উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক, বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান,বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও রাজনৈতিক নেতৃবৃন্দ। খেলায় মোট ৯টি দল অংশ গ্রহণ করে। আগামী ১৭জুন পর্যন্ত এ খেলা চলবে।

## জাতীয় নির্বাচনকে ঘিরে আগাম প্রস্তুতি

(ডিজি) মেজর জেনারেল এ কে এম নাজমুল হাসান। গতকাল বৃহস্পতিবার দুপুরে বিজিবি সদরদপ্তরে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সাংবাদিকদের করা এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।
সংবাদ সম্মেলনে বিজিবি মহাপরিচালক বলেন, জাতীয় নির্বাচনকালে বিজিবি ডিজির ওপর অনেক অর্পিত দায়িত্ব থাকে। এছাড়া যেসব দায়িত্ব আসবে সব কিছু দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে পালন করব।
তিনি বলেন, জাতীয় নির্বাচনে বাহিনীর পক্ষ থেকে বড় একটি ভূমিকা থাকে। নির্বাচন উপলক্ষ্যে অনেক আগে থেকেই বাহিনীতে প্রস্তুতি নেওয়া হয়েছে। বিষয়টি চলমান রয়েছে।

## শেখ হাসিনা সংকট মোকাবিলা

পরিষদ আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর উদযাপনে বছরব্যাপী কমসূচির উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।
মাহবুবউল আলম হানিফ বলেন, বঙ্গবন্ধুর অনুপ্রেরণায় আজ তার কন্যা শেখ হাসিনা সংকট মোকাবেলা করে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। অন্ধকার থেকে আলোয় নিয়ে এসেছেন। বঙ্গবন্ধু সবসম জনগণের ওপর নির্ভর করতেন। তার কন্যা শেখ হাসিনা দেশের মানুষের উপর নিভরশীল ছিলেন।
তিনি বলেন, ৫২'র ভাষা আন্দোলনে তিনি কারাগারে থেকে ভূমিকা রেখেছিলেন। ৫৪'র নির্বাচনে বিজয়ের মধ্য দিয়ে যুক্তফ্রন্ট সরকার গঠন করার এক বছরের মাথায় বঙ্গবন্ধু পদত্যাগ করেছিলেন। তিনি বুঝেছিলেন সরকারে থেকে খুব বেশি কাজ করা যাবে না। এরপর ৬২'র শিক্ষা আন্দোলন, ৬৬'র ছয় দফা ঘোষণা, ৬৯'র গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে এবং ৭০'র নির্বাচনে ম্যান্ডেট পাওয়ার পর জাতির পিতা স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন। তিনি জানতেন জনগণের ম্যান্ডেট ছাড়া স্বাধীনতার স্বীকৃতি নাও হতে পারে। পরবর্তীতে তার নেতৃত্বে ৯ মাস লড়াই-সংগ্রাম করে আমরা দেশ স্বাধীন করেছিলাম। তিনি বলেন, বিশ্বশান্তি পরিষদ ১৯৭২ সালের ১০ অক্টোবর পদকপ্রাপক হিসেবে বঙ্গবন্ধুর নাম ঘোষণা করে।

## ঈদের আগে ক্ষতিগ্রস্ত সড়ক

বনানীতে বিআরটিএ'র কার্যালয়ে ঈদযাত্রা নিয়ে প্রস্তুতিমূলক সভায় তিনি এ নির্দেশ দেন।
সভা শেষে ওবায়দুল কাদের বলেন, গত রমজানে ভালো ঈদযাত্রা হয়েছে। সমন্বয় ভালো ছিল। কিন্তু কোরবানির ঈদ চ্যালেঞ্জিং। এজন্য নজরদারি বাড়াতে হবে। ঈদের আগে দুর্ঘটনা কমলেও, ফিরতি যাত্রায় বেশি হয়। কারণ নজরদারি কম। বিষয়টি খেয়াল রাখা দরকার।
সেতুমন্ত্রী বলেন, রোজায় বৃষ্টির বিড়ম্বনা ছিল না। তবে এবারের ঈদে পশুবাহী গাড়ি, ফিটনেসবিহীন গাড়িতে পশু বহন, কোরবানীর হাট, এসব চ্যালেঞ্জ রয়েছে। বৃষ্টি হলে গাড়ির গতি কমে যায়। সড়কে গর্ত হবে, সঙ্গে সঙ্গে ব্যবস্থা নিতে হবে, না হলে বেড়ে যানজট হবে বলে সতর্ক করেন মন্ত্রী।
ওবায়দুল কাদের বলেন, হাইওয়ে পুলিশের পাশাপাশি জেলা পুলিশ দরকার। মহাসড়কের পাশে পশুর হাট বসানোর প্রবনতা কমেছে। ওবায়দুল কাদের বলেন, বিশেষ নজর দিতে হবে গাজীপুরে বিআরটি প্রকল্প, যেটি আমাদের গলার কাটা। এক পশলা বৃষ্টিতে সমস্যা হয়। এমনিতেই দুর্ভোগের কারণ। পোশাক শ্রমিকদের ছুটির ক্ষেত্রে গার্মেন্টসে সমন্বয় করতে হবে।
তিনি বলেন, সড়কের ছুটি বন্ধ করবো না। কিন্তু অবস্থা বুঝে ব্যবস্থা নেয়া হবে। বগুড়া পর্যন্ত ঝুঁকি আছে। পাঁচদিন আগে বন্ধ করতে হবে সড়কের কাজ। ঈদের আগে পরে সাত দিন ২৪ ঘন্টা খোলা থাকবে সিএনজি স্টেশন।

## দুর্নীতির বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধিতে

শেষ করারও নির্দেশ দেন। রাষ্টপতির প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন জানান, সাক্ষাতকালে দুদক চেয়ারম্যান কমিশনের সার্বিক কর্মকান্ড সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। রাষ্ট্রপতি দুর্নীতি দমন কমিশনকে শক্তিশালীকরণে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন । এ সময় দুদক কমিশনার ডঃ মোঃ মোজাম্মেল হক খান ও মোঃ জহুরুল হক, সচিব মোহাম্মদ মাহবুব হোসেন এবং বঙ্গভবনের সচিবগণও উপস্থিত ছিলেন।

## বদলে গেছে বাংলাদেশ

বর্তমানে বাংলাদেশের রিজার্ভের পরিমাণ ৩০.৮৩ বিলয়ন ডলার। যদিও বাংলাদেশের অর্থনীতির ইতিহাসে রিজার্ভের পরিমাণ সবচেয়ে বেশি ছিল ২০২০-২১ অর্থবছরে। সে সময় রিজার্ভের পরিমাণ ছিল ৪৫ বিলিয়ন ডলার। কিন্তু করোনাকালীন সময়ে অর্থনৈতিক মন্দা এবং রাশিয়া ইউক্রেন যুদ্ধের প্রভাবে পুরো বিশ্ব একটি অর্থনৈতিক অস্থিরতার মধ্যে দিয়ে যাচ্ছে যা বাংলাদেশের অর্থনীতিতেও প্রভাব ফেলেছে। এছাড়া দেশে বৈদেশিক মুদ্রা আয় বাড়লেও আমদানি ব্যয় না কমায় বৈদেশিক মুদ্রা ব্যয়ের পরিমাণ বাড়ছে। যে কারণে রিজার্ভ অনেকটা নিচে নেমে এসেছে। কিন্তু সেই অবস্থা থেকেও এখন আবার ঘুরে দাঁড়াচ্ছে বাংলাদেশ।
অর্থনীতির অন্যান্য সূচকেও বাংলাদেশ অসামান্য অগ্রগতি অর্জন করেছে। বিএনপির শাসনামল ২০০৬ সাল পর্যন্ত দেশে প্রবৃদ্ধি ছিল ৫.৪০ শতাংশ। ২০২৩ সালে আওয়ামীলীগ সরকারের প্রবৃদ্ধি দাঁড়ায় ৭.২৫ শতাংশ। ২০০৬ সালে মাথাপিছু আয় ছিল ৫৪৩ মার্কিন ডলার, বিগত সময়ে ৫ গুণ বেড়ে ২০২৩ সালে মাথাপিছু আয় দাঁড়ায় ২৮২৪ মার্কিন ডলার। ২০০৬ সালে দেশের সার্বিক বাজেট ছিল ৭.০১ বিলিয়ন ডলার। ২০২৩ সালে তা ১২ গুণ বেড়ে হয় ৮৭.৫৬ বিলয়ন ডলার। ২০০৬ সালে রপ্তানি আয় ছিল ১০.০৫ বিলিয়ন ডলার। ২০২৩ সালে ৫ গুণ বেড়ে তা ৫২ দশমিক ৯৭ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। রেমিট্যান্স ছিল ৪.৮ বিলিয়ন ডলার, ৫ গুণ বেড়ে তা ২৪.০৩ বিলিয়ন ডলার হয়েছে।

## ব্রিকসের সদস্যপদ পেতে

ব্রিকস বাংলাদেশকে এতে যোগ দেয়ার আমন্ত্রণ জানাবে। মোমেন বলেন, দক্ষিণ আফ্রিকায় আগামী আগস্টে তাদের সম্মেলন অনুষ্ঠিত হবে এবং প্রধানমন্ত্রী এতে যোগ দেবেন। ব্রিকসে বর্তমানে পাঁচ সদস্য রয়েছে। এরা হলো ব্রাজিল, ভারত, চীন, দক্ষিণ আফ্রিকা ও রাশিয়া। ভবিষ্যতে আরো আটটি দেশ সদস্য পদ পাবে। যাদের আমন্ত্রণ জানানো হয়েছে তাদের মধ্যে বাংলাদেশ, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত ও ইন্দোনেশিয়া রয়েছে। পররাষ্ট্র মন্ত্রী বলেন, 'এটি আমাদের অর্থায়নের আরেকটি ক্ষেত্র হবে। এটা আমাদের জন্যে ভালো হবে যেহেতু আমাদের টাকা প্রয়োজন।' তিনি বলেন, প্রধানমন্ত্রী দ্বিপাক্ষিক সহযোগিতা বাড়াতে বাংলাদেশে একটি মিশন খুলতে দক্ষিণ আফ্রিকাকে অনুরোধ জানিয়েছেন। এর আগে মাল্টার প্রেসিডেন্ট ড. জর্জ ভেল্লাও একইস্থানে প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাত করেন। শেখ হাসিনা তাকেও ঢাকায় মিশন খোলার অনুরোধ করেন। এছাড়া তিনি আরএমজি পণ্য ও ঔষধ আমদানি করতে মাল্টার প্রতি অনুরোধ জানান।
এর পর আইএলও মহাপরিচালক গিলবার্ট এফ হাউনবো একই জায়গায় প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাত করেন। এ সময়ে পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন, শ্রম ও কর্মসংস্থান সচিব মো. এহসান ই-এলাহী এবং প্রধানমন্ত্রীর স্পিচ রাইটার এম নজরুল উপস্থিত ছিলেন।

## দুই ঘণ্টায় ট্রেনের প্রায় ১৩ হাজার

ব্যবস্থাপক মো. সফিকুর রহমান গণমাধ্যমকে জানিয়েছেন, এবার দুই ধাপে বিক্রি হচ্ছে ট্রেনের টিকিট। পশ্চিমাঞ্চলের সব আন্তঃনগর ট্রেনের টিকিট সকাল ৮টা থেকে আর পূর্বাঞ্চলের ট্রেনের টিকিট দুপুর ১২টা থেকে বিক্রি হচ্ছে। রেলওয়ে সূত্র জানিয়েছে, ১৪ জুন বিক্রি হয়েছে ২৪ জুনের টিকিট। একইভাবে আজ ১৫ জুন দেওয়া হচ্ছে ২৫ জুনের টিকিট, ১৬ জুন ২৬ জুনের টিকিট, ১৭ জুন ২৭ জুনের টিকিট এবং ১৮ জুন ২৮ জুনের টিকিট পাওয়া যাবে। ঈদ পরবর্তী ফিরতি অগ্রিম টিকিট দেওয়া শুরু হবে ২২ জুন। ২২ জুন দেওয়া হবে ২ জুলাইয়ের টিকিট। যথাক্রমে ২৩ জুন ৩ জুলাইয়ের, ২৪ জুন ৪ জুলাইয়ের, ২৫ জুন ৫ জুলাইয়ের ও ২৬ জুন ৬ জুলাইয়ের টিকিট বিক্রি হবে।

## পুলিশ কর্মকর্তার ১৮ কোটি টাকার

ছেলে সৈয়দ আব্দুল্লাহ ১৯৯১ সালে পুলিশের উপ-পরিদর্শক হিসেবে যোগদান করেন। তার বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার, মাদক ও চোরাকারবারীদের সঙ্গে সখ্য, মিথ্যা মামলা রেকর্ডসহ নানা অভিযোগ রয়েছে। অনৈতিকভাবে বিপুল পরিমাণ সম্পদ অর্জন সংক্রান্ত অভিযোগ অনুসন্ধানের জন্য ২০২০ সালে দুর্নীতি দমন কমিশনের প্রধান কার্যালয় থেকে দুদকের বরিশাল সমন্বিত জেলা কার্যালয়কে অনুমোদন দেওয়া হয়। পরবর্তীতে ২০২২ সালে দুদকের পিরোজপুর সমন্বিত জেলা কার্যালয় উদ্বোধনের পর পিরোজপুর কার্যালয়ের সহকারী পরিচালক মো. মোস্তাফিজ অনুসন্ধান কার্যক্রম শুরু করেন।
মামলার এজাহার সূত্রে জানা গেছে, সৈয়দ আবদুল্লাহ প্রতারণার উদ্দেশ্যে তার স্ত্রী ফারহানা আক্তারের নামে দুটি জাতীয় পরিচয়পত্র (এনআইডি) তৈরি করেন। যেগুলো ব্যবহার করে তিনি এক কোটি টাকা মূল্যের সঞ্চয়পত্র কেনেন। ফারহানা আক্তারের নামে বিভিন্ন ব্যাংকে ১ কোটি ৭৬ লাখ ৯৫ হাজার ৮৫৪ টাকার আমানত গচ্ছিত রাখা এবং ৩১ লাখ টাকায় গাড়ি কেনার তথ্য পাওয়া গেছে। এ ছাড়া সৈয়দ আবদুল্লাহর নিজ নামে দুটি প্লট, ফারহানা আক্তারের নামে দুটি আবাসিক ফ্ল্যাট, একটি বাণিজ্যিক স্পেস কেনা হয়েছে। ফারহানা আক্তারের ব্যাংক হিসাব থেকে টাকা পরিশোধ করে তার মা কারিমা খাতুনের নামে আবাসিক ফ্ল্যাট কেনা হয়েছে। সব মিলিয়ে আসামিরা অবৈধভাবে ১৮ কোটি ১৫ লাখ ৬০ হাজার ২৮৬ টাকার স্থাবর ও অস্থাবর সম্পদ অর্জন করেছেন।

## ৫৮২ কোটি টাকা কি বাতাসে

খিজির হায়াতের হাইকোর্ট বেঞ্চ রাগান্বিত হয়ে এমন মন্তব্য করেন।
আদালতে বিসিআইসির পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট মোল্লা কিসমত হাবিব। দুর্নীতি দমন কমিশনের (দুদক) পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট খুরশিদ আলম খান। পরে আদালত পূর্ণাঙ্গ তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য ৯ জুলাই সময় নির্ধারণ করে আদেশ দেন।
গতকাল বৃহস্পতিবার '৫৮২ কোটি টাকার সার আত্মসাৎ'-শিরোনামে একটি জাতীয় দৈনিক পত্রিকায় প্রতিবেদন প্রকাশিত হয়। আইনজীবী খুরশিদ আলম খান প্রতিবেদনটি নজরে আনলে আদালত এ আদেশ দেন।
প্রতিবেদনের একাংশে বলা হয়, সরকারিভাবে আমদানি করা ৭২ হাজার মেট্রিক টন রাসায়নিক সার বন্দর থেকে খালাসের পর গুদামে পৌঁছে না দিয়ে আত্মসাৎ করেছে পরিবহনের দায়িত্বে থাকা ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স পোটন ট্রেডার্স। এতে সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ৫৮২ কোটি টাকা।
মেসার্স পোটন ট্রেডার্স সাবেক সংসদ সদস্য কামরুল আশরাফ খানের (পোটন) মালিকানাধীন প্রতিষ্ঠান। কামরুল আশরাফ খান সার ব্যবসায়ীদের সংগঠন, বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশনের (বিএফএ) সভাপতি। সংশ্লিষ্ট ব্যক্তিদের দাবি, তিনিই মূলত দেশে সারের ব্যবসা নিয়ন্ত্রণ করেন।

## সুইস প্রেসিডেন্টের সাথে প্রধানমন্ত্রী

করে মোমেন বলেন, 'সম্প্রতি আমরা সুইজারল্যান্ডের সঙ্গে ভালো ব্যবসা করছি। আমরা প্রায় এক বিলিয়ন ডলারের ব্যবসা করছি। আমরা সুইজারল্যান্ডে পণ্য রপ্তানি করছি। আমরা মূলত আরএমজি আইটেম রপ্তানি করছি।'
তিনি বলেন, প্রধানমন্ত্রী বাংলাদেশকে স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে উত্তরণ লাভের জন্য সুইজারল্যান্ডকে আরও তিন বছর সময় দেওয়ার অনুরোধ জানিয়েছেন।
প্রধানমন্ত্রীর বক্তৃতা লেখক বলেন, শেখ হাসিনা সুইস কনফেডারেশনের প্রেসিডেন্ট অ্যালেন বেরসেটকে বলেছেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার পর তাকে উদ্বাস্তু জীবনযাপন করতে হয়েছিল।
তিনি বাংলাদেশে গণতন্ত্র, ভোট এবং খাদ্য লাভের অধিকার প্রতিষ্ঠার জন্য তার সংগ্রামের কথাও সংক্ষেপে বর্ণনা করেন। তিনি বলেন, আমি বাংলাদেশকে একটি উন্নত ও সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে আমার বাবার স্বপ্ন বাস্তবায়ন করছি।

## সরিয়ে নেওয়া হয়েছে এক লাখেরও

প্রদেশের বৃহত্তম শহর করাচি তাৎক্ষণিকভাবে ঘূর্ণিঝড়ের হুমকিতে ছিল না। তারপরও সেখানে জরুরি ব্যবস্থা নেওয়া হচ্ছে।
আবহাওয়াবিদরা জানিয়েছেন, ঘূর্ণিঝড় বিপর্যয়ের কারণে ঘণ্টায় ১৩৫ থেকে ১৫০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে চলেছে। উচ্চ জোয়ারের কারণে উপকূলের নিচু এলাকা প্লাবিত হতে পারে বলেও সতর্ক করেছে তারা।
'বিপর্যয়'র জেরে গুজরাটের উপকূল এলাকায় অনেক ট্রেন বাতিল করা হয়েছে। বৃহস্পতিবার পর্যন্ত গুজরাটগামী ৯৫টি ট্রেন বাতিল হয়েছে। গুজরাট উপকূলে মাছ ধরা বন্ধ রাখা হয়েছে। অন্যদিকে পাকিস্তানের উপকূলীয় অঞ্চলের জেলেদেরও নিরাপদ স্থানে থাকতে বলা হয়েছে।

## সিরাজগঞ্জে সড়ক দুর্ঘটনায়

সিরাজগঞ্জের উল্লাপাড়া উপজেলার গজাইল এলাকার মান্নান মন্ডলের স্ত্রী চান বানু (৫০), সদর উপজেলার ফজল খাঁন রোড এলাকার রিপন শেখ এর স্ত্রী ডলি আক্তার (২৫) ও তার ছেলে ৭ মাস বয়সী শিশু নিহাল শেখ।
হাটিকুমরুল হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বদরুল কবির জানান, যাত্রীবাহী একটি সিএসজি চালিত অটোরিকশা সিরাজগঞ্জের দিকে যাচ্ছিলো। এসময় সিরাজগঞ্জ থেকে হাটিকুমরুলগামী একটি যাত্রীবাহী বাস সিএসজি চালিত অটোরিকশাটিকে ধাক্কা দিলে ঘটনাস্থলেই একজনের মৃত্যু হয়। পরে আহত অবস্থায় সিএনজিতে থাকা অন্য যাত্রীদেরকে সিরাজগঞ্জ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জেনারেল হাসপাতালে পাঠানো হলে চিকিৎসাধীন অবস্থায় মা ও ছেলের মৃত্যু হয়। তিনি আরও জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে নিহতদের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সিরাজগঞ্জ ২৫০ শয্যাবিশিষ্ট বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। দুর্ঘটনাকবলিত বাস ও সিএনজি চালিত অটোরিকশাটি থানা হেফাজতে রাখা হয়েছে। মামলার প্রস্তুতি চলছে বলেও জানান তিনি।

## ভারত-মার্কিন জাতীয় নিরাপত্তা

পর্যায়ে আলোচনা করেছেন। আগামী সপ্তাহে ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির যুক্তরাষ্ট্রে সফরের আগে অনুষ্ঠিত এই বৈঠকে এশিয়া এবং ভারত মহাসাগর অঞ্চলে (আইওআর) চীনের ভূমিকার দিকেই মনোযোগ ছিল বেশি। ইকোনমিক টাইমস বলছে, ভারত মহাসাগর অঞ্চলে চীনের দীর্ঘমেয়াদী কৌশলের ওপর সুনির্দিষ্ট ফোকাসসহ এশিয়াজুড়ে বেইজিংয়ের বিস্তৃত পদচারণার বিষয়ে বুধবারের এই বৈঠকে আলোচনা হয়েছে বলে জানা গেছে। এছাড়া ভারতের প্রতিবেশী দেশগুলোর অন্যান্য আঞ্চলিক বিষয়গুলোও এদিনের আলোচনার আলোচ্যসূচিতে ছিল।
সংবাদমাধ্যমটি বলছে, ভারতের দুই প্রতিবেশী - মালদ্বীপ ও বাংলাদেশ যথাক্রমে এই বছরের শেষের দিকে এবং পরের বছরের শুরুতে নির্বাচন অনুষ্ঠিত হবে। ভারতের অভিমত, তার প্রতিবেশী দেশগুলোতে এমন কোনো উদ্যোগ নেওয়া উচিত নয় যা তার (ভারতের) জাতীয় স্বার্থের প্রতি বিরূপ প্রভাব ফেলে। বেশ কয়েকটি সূত্রের বরাত দিয়ে সংবাদমাধ্যমটি আরও বলেছে, চীন অর্থনৈতিক করিডোরের মাধ্যমে পাকিস্তানের পাশাপাশি মিয়ানমারে তার উপস্থিতি প্রসারিত করছে।

# গ্রিসে নৌকাডুবির ঘটনায় নিহত ৭৯

**আন্তর্জাতিক ডেস্ক :** গ্রিসের দক্ষিণাঞ্চলীয় উপকূলে অভিবাসন প্রত্যাশীদের বহনকারী একটি মাছ ধরা নৌকা ডুবে অন্তত ৭৯ জনের মৃত্যু হয়েছে। শতাধিক জনকে উদ্ধার করা হয়েছে। তবে নৌকাটিতে থাকা আরও কয়েকশ মানুষ নিখোঁজ রয়েছে। গ্রিসের কর্মকর্তাদের বরাত দিয়ে এ তথ্য জানায় বিবিসি। বেঁচে যাওয়া লোকজন নৌকাটিতে ৫০০ থেকে ৭০০ আরোহী ছিল বলে জানিয়েছেন। দেশটির সরকার এই ঘটনাকে গ্রিসের অন্যতম বৃহত্তম 'শরণার্থী ট্র্যাজেডি' বলে উল্লেখ করেছে। এজন্য তিন দিনের শোক ঘোষণা করা হয়েছে। প্রতিবেদনে বলা হয়, নৌকাটি ডুবেছে গ্রিসের পাইলোস শহর থেকে প্রায় ৮০ কিলোমিটার দক্ষিণপশ্চিমে। গ্রিসের কোস্টগার্ড বলেছে,মঙ্গলবার দিনশেষে আন্তর্জাতিক জলসীমায় নৌকাটি দেখা যায় ইউ সীমান্ত সংস্থা ফ্রন্টেক্সের একটি বিমান থেকে। নৌকাটিতে থাকা যাত্রীদের কেউই লাইফ জ্যাকেট পরা ছিল না বলে। সাহায্য নিতেও অস্বীকৃতি জানিয়েছিল। গ্রিসের জাহাজ চলাচল মন্ত্রণালয়ের সরবরাহ করা টাইমলাইন উদ্ধৃত করে দেশটির রাষ্ট্রায়ত্ত গণমাধ্যম ইআরটি জানিয়েছে, কর্তৃপক্ষ স্যাটেলাইট ফোনের মাধ্যমে বেশ কয়েক বার ওই নৌকাটির সঙ্গে যোগাযোগ করে সাহায্যের প্রস্তাব দিয়েছিল। কিন্তু সেখান থেকে বারবার বলা হয়েছে: দয়ামরা ইতালিতে যাওয়া ছাড়া আর কিছুই চাই না৷ এর কয়েক ঘণ্টা পর স্থানীয় সময় রাত প্রায় ১টার দিকে নৌকা থেকে কেউ একজন গ্রিসের কোস্টগার্ডকে জানায়, তাদের জলযানের ইঞ্জিন বিকল হয়ে গেছে। এর কিছুক্ষণ পরই নৌকাটি উল্টে যায় এবং ১০ থেকে ১৫ মিনিটের মধ্যে ডুবে যায়। এরপরই তল্লাশি ও উদ্ধার অভিযান শুরু করা হয়, কিন্তু জোরালো বাতাস পরিস্থিতি জটিল করে দেয়। সাগরে সমস্যায় পড়া অভিবাসন প্রত্যাশীদের জন্য জরুরি হেল্পলাইন 'অ্যালার্ম ফোন' বলেছে, দকোনো সাহায্য পাঠানোর কয়েক ঘণ্টা আগে থেকেই গ্রিসের কোস্টগার্ড জানতো জলযানটি বিপদে আছে৷ ধারণা করা হচ্ছে, নৌকাটি লিবিয়া থেকে ইতালি যাচ্ছিল আর যাত্রীদের বেশিরভাগেরই বয়স ছিল ২০ এর আশেপাশে। স্থানীয় গণমাধ্যমের খবর অনুযায়ী, তারা কয়েকদিন ধরে ভ্রমণ করছিল এবং মঙ্গলবার বিকালে মাল্টার একটি কার্গো জাহাজ থেকে তাদের খাবার ও পানি সরবরাহ করা হয়েছিল। পাইলোসের আঞ্চলিক স্বাস্থ্য পরিচালক ইয়ানিস কারভেইলিস নজিরবিহীন শোচনীয় ঘটনা ঘটতে পারে বলে সতর্ক করে বলেছেন,দনৌকাটির ধারণক্ষমতার চেয়ে অনেক বেশি মানুষ ছিল৷ নৌকাডুবির এ ঘটনায় যাদের মৃত্যু হয়েছে তাদের কোন কোন দেশের নাগরিক তা এখনো প্রকাশ করা হয়নি। উদ্ধার পাওয়া জীবিতদের কালামাতা শহরে নিয়ে রাখা হয়েছে। তাদের অনেককে হাইপোথার্মিয়া ও অন্যান্য ছোটখাট জখমের জন্য হাসপাতালে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। গ্রিসের প্রেসিডেন্ট কাতেরিনা সেকেলারোপুলু উদ্ধারপাওয়া কিছু অভিবাসন প্রত্যাশীকে দেখে গেছেন এবং যারা ডুবে গেছেন তাদের জন্য গভীর শোক প্রকাশ করেছেন।



# আইন পাস রুশ দূতাবাস তৈরি নিষিদ্ধ করলো অস্ট্রেলিয়া

**আন্তর্জাতিক ডেস্ক :** আইন পাস করে রাশিয়ার নতুন দূতাবাস তৈরি নিষিদ্ধ ঘোষণা করলো অস্ট্রেলিয়া। ক্যানবেরায় পার্লামেন্ট ভবনের কাছে এই দূতাবাস হচ্ছিল। অস্ট্রেলিয়ার বক্তব্য, তাদের পার্লামেন্ট হাউসের কাছে রাশিয়ার দূতাবাস থাকা মানে তা বিপদের কারণ। অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্থনি আলবানিজ গতকাল বৃহস্পতিবার বলেছেন,ওনিরাপত্তা বাহিনীর রিপোর্টের ভিত্তিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পার্লামেন্ট ভবনের কাছে রাশিয়াকে দূতাবাস বানানোর জন্য যে জমি লিজে দেওয়া হয়েছিল, তা বাতিল করা হয়েছে। পার্লামেন্টে পেশ করার দুই ঘণ্টার মধ্যেই দুইটি কক্ষেই তা পাস হয়ে যায়৷ ওই জমিতে রাশিয়ার দূতাবাস বানানোর কাজ চলছিল। গতমাসে ফেডারেল কোর্টে এই বিষয়ে একটি মামলায় রায় রাশিয়ার পক্ষে যায়। স্থানীয় ক্যানবেরা কর্তৃপক্ষ এর আগে লিজ বাতিল করেছিল। তাদের যুক্তি ছিল, ২০০৮-এ জমি লিজে দেয়া হয়েছিল। কিন্তু দীর্ঘদিন ধরে রাশিয়া তা ফেলে রাখে। শর্ত ছিল রাশিয়া তিন বছরের মধ্যে নির্মাণ শেষ করবে। আলবানিজ জানিয়েছেন,ওআমরা খুব দ্রুত কাজ করেছি। কারণ, একবার ওখানে রাশিয়ার কূটনীতিকরা কাজ শুরু করলে অসুবিধা হতো। দেশের নিরাপত্তার স্বার্থে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে৷ তিনি জানিয়েছেন, নিরাপত্তা এজেন্সিগুলি সরকারের কাছে স্পষ্ট বার্তা দিয়েছে। পার্লামেন্টের এত কাছে রাশিয়ার দূতাবাস থাকাটা একেবারেই কাঙ্খিত নয়। তা নিরাপত্তার ক্ষেত্রে বড় ঝুঁকি। স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন,ওওই জায়গাটা একেবারে পার্লামেন্টের পাশেই। ওখানে কোনো দূতাবাসকেই ভবন তৈরির অনুমতি দেওয়া হবে না৷ সাবেক সোভিয়েত জমানার দূতাবাসই এখন রাশিয়ার দূতাবাস। এই জায়গাটা পার্লামেন্টের থেকে অনেকটাই দূরে। ইউক্রেন যুদ্ধের পর অস্ট্রেলিয়া রাশিযা থেকে অ্যালুমিনিয়াম ও বক্সাইট আমদানি করা বন্ধ করে দিয়েছে।

# পরকীয়া না থাকায় স্টার জলসার সিরিয়াল বন্ধ

**বিনোদন ডেস্ক :** পরকীয়া না থাকায় মেগা সিরিয়াল বন্ধ হয়ে গেল? এমনটাই অভিযোগ নেটিজেনদের। তারা বলছেন, কলকাতার চ্যানেলে ভালো কোনো সিরিয়াল চলতে পারে না। থাকতে হয় পরকীয়া ও সংসার চুকলি কাটার মতো গল্প। গত মে মাস থেকেই কলকাতার টেলিভিশন চ্যানেল স্টার জলসার সিরিয়ালে নানা ঝামেলা চলছিল। প্রথমে হঠাৎই ধারাবাহিকের কাজ ছেড়ে চলে যান রূপা গাঙ্গুলি। এদিকে মেয়েবেলা মেগাটিকে এতদিন রূপার ফিরে আসা হিসেবেই দেখা হচ্ছিল। অনলাইনে বীথির চরিত্রটা ট্রোল হলেও, মেগার অন্যতম আকর্ষণও ছিল এটাই। রূপা মেগা ছেড়ে দিলে নিয়ে আসা হয় অনুশ্রী দাসকে। তবে রূপা ছেড়ে যাওয়ার শূন্যতা থেকেই যায়। এরপরই চ্যানেলের মেয়েবেলা-র স্লট অর্থাৎ সন্ধ্যা সাড়ে ৭টার স্লট দিয়ে দেওয়া হয় নতুন শুরু হওয়া ধারাবাহিক সন্ধ্যাতারা-কে। তারপরই চ্যানেলের সঙ্গে প্রযোজনা সংস্থা সুরিন্দর ফিল্মসের ঝামেলা শুরু হয়। বিগ বাজেটের মেয়েবেলা-কে প্রাইম স্লট ছাড়া চালাতে রাজি হয় না সুরিন্দর ফিল্মস। তাই তো প্রাথমিক ভাবে বিকেল ৫টার স্লট দেওয়া হলেও কয়েকদিন পরেই বন্ধের ঘণ্টা বেজে গেল। সিরিয়ালের শেষ সম্প্রচার ছিল গত বুধবার। সেট থেকে ছবি শেয়ার করে মন খারাপ করা পোস্ট শেয়ার করলেন পরিচালক সুমন দাস। সুমন ফেসবুকে লিখলেন, 'অনেকদিন পরে একটা মনের মতো শো পরিচালনা করতে পেরে খুব ভালো লাগছিল। কিন্তু সেটা এত তাড়াতাড়ি শেষ হয়ে যাবে ভাবিনি। যাই

## হারিয়েছে

জেলা সঞ্চয় অফিস/ব্যুরো রংপুর হতে আমার নামে ক্রয়কৃত পরিবারের সঞ্চয় পত্র যার রেজি নং ১৫৭/১৫, তাং ২৭/০৪/১৫ মুল্যমান: ১০০০০০/= প স পঘ-০৭০৬১৩৫= ১ টা ও ৫ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয় পত্র রেজি নং-৫৬/১৫ তাং ২৫/১০/১৫ মুল্যমান: ৫০,০০০/= পঞ্চাশ হাজার প স:-১৪৫১৭৬১= ০১ টা, মোট দুইটি সঞ্চয় পত্র হারিয়েছে। কোতোয়ালী থানায় জিডি নং-৩৩৪ ও ৩৩৮ তাং ৫/০৬/২০২৩ ইং।

**মোছা: জোছনা আরা**

## হারিয়েছে

আমার এমফিল ফিজিওলোজী (ঢাকা মেডিকেল কলেজ) এর মূল সার্টিফিকেট হারিয়েছে। যার রোল নং-৫৭-০৫ জানুয়ারী ২০১৫, রেজি ঃ ৯১২২, সেশন ২০১২, ফ্যাকাল্টি ব্যাসিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিকাল সাইন্স BSMMU। ঝিনাইদহ সদর থানার জিডি নং-৪৪৬, ট্র্যাকিং নং-79KX70, তারিখ-০৭/০৬/২০২৩.

**শারমিন সুলতানা,**
**পিতা-শফী উদ্দিন আহমেদ,**
**মাতা-হাছিনা খাতুন,**
**জাতীয় পরিচয় পত্র নং-৬৮৫৮৯০৯৩০৯,**
**আদর্শ পাড়া,হামদহ,ঝিনাইদহ।**



# ফিলিস্তিনি যোদ্ধাকে গুলি করে হত্যা

**আন্তর্জাতিক ডেস্ক :** ইসরায়েলি বাহিনী গতকাল বৃহস্পতিবার অধিকৃত পশ্চিম তীরে একজন ফিলিস্তিনি যোদ্ধাকে গুলি করে হত্যা করেছে। ফিলিস্তিনি কর্মকর্তারা এ তথ্য জানিয়েছেন। অন্যদিকে সেনাবাহিনী বলেছে, একটি অ্যাপার্টমেন্ট ভেঙে ফেলার অভিযানের সময় ওই ব্যক্তির গুলি লেগেছিল। ফিলিস্তিনের স্বাস্থ্য মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, খলিল ইয়াহিয়া আনিস (২০) নাবলুসে ইসরায়েলি দখলদারদের গুলির আঘাতে নিহত হয়েছেন। নাবলুসের আল নাজাহ হাসপাতালের একজন কর্মকর্তা বলেছেন, ইসরায়েলি বাহিনী পশ্চিম তীরের উত্তরে একজন কথিত হামলাকারীর বাড়ি ভেঙে ফেলার জন্য শহরে প্রবেশ করলে রাতভর সংঘর্ষে আহত হয়েছেন আরো দুজন। গতকাল বৃহস্পতিবার ভোরের পর এএফপির এক সাংবাদিক একদল যুবককে অ্যাপার্টমেন্টের ক্ষয়ক্ষতি জরিপ করতে দেখেছেন। মেঝেতে আবর্জনার মতো পাকানো ধাতু ও ধ্বংসস্তূপ পড়ে ছিল। একটি প্রাচীরের মধ্যে ফাঁকা গর্তও দেখা গেছে। নাম প্রকাশ না করার শর্তে একজন স্থানীয় ফিলিস্তিনি নিরাপত্তা কর্মকর্তা নিশ্চিত করেছেন, নিহত আনিস একজন যোদ্ধা ছিলেন। তবে তিনি কোন দলের সঙ্গে যুক্ত ছিলেন তা জানাননি। নাবলুসের আরেকটি নিরাপত্তা সূত্র জানিয়েছে, আনিস শহরের আল-আইন শরণার্থী শিবিরের বাসিন্দা ও ফিলিস্তিনি প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের ফাতাহ আন্দোলনের সদস্য। এএফপির একজন সংবাদদাতা জানিয়েছেন, আনিসের শেষকৃত্যের জন্য ফিলিস্তিনি পতাকায় আবৃত অবস্থায় তার লাশ হাসপাতাল থেকে নিয়ে যাওয়া হয়। অন্যদিকে ইসরায়েলি সেনাবাহিনী বলেছে, অভিযানের সময় 'সন্দেহবাদীরা সেনাদের লক্ষ্য করে গুলি চালায়। সেনারা দাঙ্গা ছত্রভঙ্গ করে এবং সরাসরি গুলি চালিয়ে প্রতিক্রিয়া জানায়।' গুলিতে হতাহতদের চিহ্নিত করা হয়েছে বলেও তারা জানিয়েছে। ফিলিস্তিনের প্রেসিডেন্সির মুখপাত্র নাবিল আবু রুদেইনেহ গতকাল বৃহস্পতিবার বলেছেন, ইসরায়েল 'এ অঞ্চলকে উত্তেজনা ও সহিংসতার দিকে টেনে নিয়ে যাচ্ছে'।

**ফিলিস্তিনি বন্দির অ্যাপার্টমেন্ট ধ্বংস**

প্রত্যক্ষদর্শীরা এএফপিকে বলেছেন, লায়ন্স ডেন সশস্ত্র গোষ্ঠীর একজন বিশিষ্ট সদস্য ওসামা তাওয়েলের ফ্ল্যাট গুঁড়িয়ে দিয়েছে সেনাবাহিনী। নভেম্বরে পশ্চিম তীরের একটি বসতিতে ইডো বার্উর্চ নামের ইসরায়েলি সেনাকে গুলি করে হত্যার অভিযোগে ফেব্রুয়ারি মাসে ইসরায়েল তাওয়েলকে গ্রেপ্তার করেছিল। ইসরায়েল নিয়মিতভাবে ইসরায়েলিদের বিরুদ্ধে হামলা চালানো ফিলিস্তিনিদের বাড়িঘর গুঁড়িয়ে দেয়। এ পদক্ষেপকে প্রতিরোধক হিসেবে ইসরায়েল যুক্তি দেয়। যদিও সমালোচকদের মতে এটি একটি সম্মিলিত শাস্তি। সরকারি সূত্র থেকে সংকলিত এএফপির তথ্য অনুযায়ী, বছরের শুরু থেকে ইসরায়েল-ফিলিস্তিনি সংঘর্ষের সঙ্গে যুক্ত সহিংসতায় কমপক্ষে ১৫৯ ফিলিস্তিনি, ২১ ইসরায়েলি, একজন ইউক্রেনীয় এবং একজন ইতালীয় নিহত হয়েছে। পরিসংখ্যানে যোদ্ধাদের পাশাপাশি বেসামরিক নাগরিক এবং ইসরায়েলি পক্ষ থেকে আরব সংখ্যালঘুর তিন সদস্য অন্তর্ভুক্ত রয়েছে। ইসরায়েল ১৯৬৭ সাল থেকে পশ্চিম তীর দখল করে আছে। সূত্র : এএফপি

## মণিপুরে মন্ত্রীর বাড়িতে আগুন দিলো বিক্ষোভকারীরা

**আন্তর্জাতিক ডেস্ক :** বিক্ষোভকারীরা মণিপুরের বাণিজ্যমন্ত্রী নেমচা কিপগেনের বাড়িতে আগুন লাগিয়ে দিয়েছে। এর জেরে এলাকায় শুরু হয়েছে সেনা তল্লাশি। গত মঙ্গলবার থেকেই অশান্ত মণিপুরের ইম্ফল পশ্চিম অঞ্চল। রাজধানী লাগোয়া এই অঞ্চলে গত মঙ্গলবারের সংঘাতে ৯ জনের মৃত্যু হয়েছিল। গত বুধবার বিকেলে ওই অঞ্চলেই রাজ্যের একমাত্র নারী মন্ত্রীর বাড়িতে হামলা চালায় বিক্ষোভকারীরা। তার বাড়িতে আগুন লাগিয়ে দেওয়া হয়। মন্ত্রী অবশ্য সে সময় বাড়িতে ছিলেন না। ঘটনার কিছুক্ষণের মধ্যেই সেনাবাহিনী উচ্চপদস্থ অফিসারদের নেতৃত্বে ঘটনাস্থলে পৌঁছে। শুরু হয়েছে তল্লাশি অভিযান। তবে গতকাল বৃহস্পতিবার সকাল পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা যায়নি। মণিপুরের মুখ্যমন্ত্রী বীরেন সিংয়ের ১২ জনের মন্ত্রিসভায় অন্যতম সদস্য কিগপেন। জনজাতি অধ্যুষিত অঞ্চল থেকে নির্বাচিত হয়েছেন এই কুকি প্রতিনিধি। সংঘাত শুরু হওয়ার পর কিগপেনসহ ১০ জন কুকি জনপ্রতিনিধি পৃথক কুকি প্রশাসনিক কাঠামোর দাবি জানিয়েছিলেন।

# ফিলিপাইনে ৬.২ মাত্রার ভূমিকম্প

**আন্তর্জাতিক ডেস্ক:** ফিলিপাইনে একটি শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। গতকার বৃহস্পতিবার সকালে এ ভূমিকম্প আঘাত হানে। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৬ দশমিক ২। মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (ইউএসজিএস) এ তথ্য জানিয়েছে। এদিকে, ভূমিকম্প পরবর্তী আফটারশক ও সম্ভাব্য ক্ষয়ক্ষতির বিষয়ে সতর্ক করেছে স্থানীয় কর্তৃপক্ষ। খবর এএফপির। বার্তা সংস্থাটি জানায়, ভূমিকম্পটি রাজধানী ম্যানিলা থেকে প্রায় তিন ঘণ্টার পথ দূরে সমুদ্র তলদেশের ১২৪ কিলোমিটার গভীরে সকাল ১০টার দিকে আঘাত হানে। ক্যালাতাগান পৌরসভা পুলিশ প্রধান এমিল মেন্ডোজা বলেন, ভূমিকম্পের ঘটনায় তিনি এবং তার কর্মীরা ঘরের বাইরে ছুটে আসেন। ম্যানিলাসহ দেশটির জনবহুল কেন্দ্রেও এ ভূমিকম্প অনুভূত হয়। মেন্ডোজা এএফপিকে বলেন, 'ভূমিকম্পটি অনেক শক্তিশালী ছিল। এতে আমরা ভয়ে দ্রুত বাইরে চলে আসি।' এই পুলিশ কর্মকর্তা আরও বলেন, ভূমিকম্পের ঘটনায় তাৎক্ষণিক কোনো হতাহত বা ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।



# ইউক্রেনের আসল পরীক্ষা সামনে

**আন্তর্জাতিক ডেস্ক :** পাল্টা আক্রমণ শুরু করে এক সপ্তাহেই ৭টি গ্রাম রাশিয়ার থেকে পুনরুদ্ধার করে ফেলেছে ইউক্রেন। রুশ বিরোধী পাল্টা হামলা কিছুটা এগিয়ে গেলেও লড়াইয়ের আসল পরীক্ষা এখনও শুরু হয়নি কিয়েভের। কেননা, রাশিয়ার মূল প্রতিরক্ষা অবস্থানে পৌঁছাতে আরও কিছুটা পথ পাড়ি দিতে হবে কিয়েভ সেনাদের। গতকাল বৃহস্পতিবার এক প্রতিবেদনে রয়টার্স এ খবর জানিয়েছে। ফরেন পলিসি রিসার্চ ইনস্টিটিউটের ঊর্ধ্বতন কর্মকর্তা রব লি বলেন, 'দুই পক্ষই ক্ষয়ক্ষতির শিকার হচ্ছে। তবে ইউক্রেনীয়দের জন্য ঝুঁকির বিষয় হলো, রাশিয়ার মূল প্রতিরক্ষা লাইনে পৌঁছানোর আগেই উল্লেখযোগ্য ক্ষতির সম্মুখীন হওয়া। এমন হলে মস্কোর মূল প্রতিরক্ষা লাইন ভেঙ্গে পাল্টা আক্রমণ চালানো কিয়েভের জন্য কঠিন হবে।' রাশিয়ার মূল প্রতিরক্ষা লাইনে পৌঁছানোর আগে ইতোমধ্যে বেশ কিছু অত্যাধুনিক জার্মান লেপার্ড ও মার্কিন ব্র্যাডলি ট্যাংক হারিয়েছে ইউক্রেন। এদিকে বিশাল অংশ জুড়ে শক্তিশালী প্রতিরক্ষা অবস্থান গড়ে তুলেছে রাশিয়া। প্রতিরক্ষার জন্য খাদ, অ্যান্টি-ট্যাংক মেশিনগান, কনক্রিটের 'শক্তিশালী' ব্যারিকেড ও পরিখা তৈরী রেখেছে মস্কো। স্যাটেলাইটের ছবিতে এপ্রিলে এমন দৃশ্য দেখা গেছে বলে প্রতিবেদনে জানিয়েছে রয়টার্স। সামরিক বিশ্লেষকরা বলছেন, রাশিয়ার প্রতিরক্ষা লাইন পর্যবেক্ষণে রেখে পাল্টা আক্রমণ চালাতে পারে ইউক্রেন।




# সুইডেনের পক্ষে ভোট দিবে না তুরস্ক

**আন্তর্জাতিক ডেস্ক :** তুরস্কের বিরোধী শক্তির বিরুদ্ধে এখনও যথেষ্ট পদক্ষেপ নেয়নি সুইডেন। এর জেরেই ফের তোপ দাগলেন এরদোয়ান। এখনই ন্যাটোতে অন্তর্ভুক্ত হতে সুইডেনকে সমর্থন করবেন না বলে জানিয়ে দিয়েছেন তিনি। তুরস্কের প্রেসিডেন্ট রেসেপ তাইয়েপ এরদোয়ান আজারবাইজান সফরে গিয়েছিলেন। সেখান থেকে ফিরে এসে তিনি গত বুধবার সাংবাদিকদের মুখোমুখি হন। সেখানেই সুইডেনের ন্যাটোয় যোগ দেওয়া প্রসঙ্গে এসব কথা বলেন তুরস্কের প্রেসিডেন্ট। একই সময়ে অবশ্য আঙ্কারায় সুইডেন, তুরস্ক ও ন্যাটোর প্রতিনিধিদের মধ্যে বৈঠক চলছে। সুইডেনের ন্যাটোয় যোগ দেওয়া নিয়েই এই আলোচনা। এরদোয়ান বলেন, সুইডেন ও ন্যাটোর প্রতিনিধিদের কাছে তার বক্তব্য পরিষ্কার করে জানিয়ে দেওয়া হয়েছে। আপাতত সুইডেনের পক্ষে ভোট দিচ্ছে না তুরস্ক। কিছুদিনের মধ্যেই লিথুয়ানিয়ায় জোটের শীর্ষ সম্মেলন আছে। সেখানে সুইডেনের প্রতি সমর্থন জানাবে না তুরস্ক, স্পষ্ট জানিয়ে দেন তুরস্কের প্রেসিডেন্ট। এরদোয়ান বলেন, 'সুইডেন সন্ত্রাসবাদী আইনে পরিবর্তন এনেছে, কিন্তু তা যথেষ্ট নয়।

# শ্রমিকদের সুরক্ষায় সৌদি-আমিরাতের নতুন সিদ্ধান্ত

**আন্তর্জাতিক ডেস্ক :** শ্রমিকদের সূর্যের নিচে কাজ করা নিষিদ্ধ করল সৌদি আরব। গতকাল বৃহস্পতিবার থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে। গ্রীষ্মের মাসগুলোতে দিনের কিছু নির্দিষ্ট ঘণ্টায় এ নিয়ম মানা হবে। দেশটির মানবসম্পদ ও সামাজিক উন্নয়ন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা এক বিবৃতি থেকে এ সিদ্ধান্ত জানা গেছে। বিবৃতিতে বলা হয়েছে, গতকাল বৃহস্পতিবার থেকে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত সৌদি আরবে শ্রমিকরা দুপুরের শুরু থেকে ৩টা পর্যন্ত কাজ করা থেকে বিরত থাকবেন। 'বেসরকারি খাতে যারা কাজ করছেন তাদের নিরাপত্তা, স্বাস্থ্য রক্ষা, স্বাস্থ্যঝুঁকি প্রতিরোধ, স্বাস্থ্যকর ও নিরাপদ কাজের পরিবেশ প্রদান করতে সিদ্ধান্তটি নেওয়া হয়েছে।' কর্মচারীদের সুরক্ষা নিশ্চিত ও দুর্ঘটনা প্রতিরোধে ব্যবসায়ীদের সিদ্ধান্তটি মেনে নেওয়ার আহ্বান জানিয়েছে মন্ত্রণালয়। এর ফলে উন্নতি ও উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে বলে মন্ত্রণালয় উল্লেখ করেছে।

## বিনোদন

# জুটি বেধে পর্দায় আসছে বিজয়-ঠাকুর

**বিনোদন ডেস্ক :** সময়ের অন্যতম জনপ্রিয় দুই তারকা বিজয় বিজয় দেবারাকোন্ডা ও ম্রুনাল ঠাকুর এবার একসঙ্গে জুটি বেধে পর্দায় রোমান্স করতে যাচ্ছেন। বিজয়ের আসন্ন চলচ্চিত্রে নারী প্রধান ভূমিকায় থাকছেন ম্রুনাল ঠাকুর। সিনেমাটি পরিচালনা করবেন পরিচালক পরশুরাম। এটি বিজয়ের ১৩তম চলচ্চিত্র। সিনেমাটির শুটিং খুব শিগগিরই শুরু হবে বলে জানা গেছে। সিনেমাটির নির্মাতারা টুইটারে এর আনুষ্ঠানিক উন্মোচন অনুষ্ঠানের কয়েকটি ছবি শেয়ার করেছেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিনেমার কাস্ট ও কলাকুশলীরা। ছবিতে 'লাইগার' অভিনেতাকে একটি নতুন চেহারায় দেখা গেছে। ছোট চুল ও চাপ দাড়িতে নিজের সেই রোমান্টিক ইমেজেই ফিরে গেছেন অভিনেতা। অনুষ্ঠানে সাদা পায়জামার সঙ্গে সবুজ রঙের কুর্তা পরেছিলেন তিনি। অপরদিকে মৃণাল ঠাকুরকে পীচ রঙের প্রথাগত পোশাকেই দেখা গেছে। এটি অভিনেত্রীর তৃতীয় তেলেগু চলচ্চিত্র।এখনো শিরোনাম ঠিক না হওয়া চলচ্চিত্রটি বিজয় এবং পরিচালক পরশুরামের দ্বিতীয় চলচ্চিত্র। এর আগে ২০১৮ সালে 'গীতা গোবিন্দাম' চলচ্চিত্রে পরশুরামের পরিচালনায় কাজ করেছেন বিজয়। সিনেমাটি ছিল ব্লকবাস্টার এবং বিজয় দেবারাকোন্ডা ও রাশ্মিকা মান্দানার ক্যারিয়ারের অন্যতম সেরা একটি কাজ। রোমান্টিক কমেডি চলচ্চিত্রটিতে বিজয়ের বিপরীতে অভিনয় করেছিলেন রাশ্মিকা মান্দান্না। তবে নির্মাতারা স্পষ্ট করেছেন যে এটি গীতা গোবিন্দমের সিক্যুয়েল নয়, একটি নতুন স্ক্রিপ্ট। অভিনেত্রী ম্রুনাল ঠাকুরকে সর্বশেষ দেখা গেছে আদিত্য কাপুর রয়ের সঙ্গে 'গুমরাহ' চলচ্চিত্রে। সামনে বলিউড সহ দক্ষিণের একাধিক চলচ্চিত্র রয়েছে অভিনেত্রীর হাতে। অপরদিকে বিজয় দেবেরকোন্ডাকে পরবর্তীতে অভিনেত্রী সামান্থা রুথ প্রভুর সাথে রোমান্টিক চলচ্চিত্র 'কুশি'তে দেখা যাবে। শিব নির্ভানা পরিচালিত সিনেমাটি প্রযোজনা করেছে মিথ্রি মুভি মেকার্স।



# '৭২ হুর' সিনেমা নিষিদ্ধের দাবি ভারতীয়দের

**বিনোদন ডেস্ক :** মুক্তির অপেক্ষায় আরেক বিতর্কিত সিনেমা '৭২ হুর'। এই ছবি নিয়ে কাশ্মিরের বিশিষ্ট ধর্মীয় ও রাজনৈতিক নেতারা নিন্দা করেছেন। তাদের তরফে জানানো হয়েছে, এই সিনেমা তাদের ধর্মীয় ভাবাবেগে আঘাত করে। সংবাদসংস্থা পিটিআইকে জম্মু ও কাশ্মিরের গ্র্যান্ড মুফতি নাসির উল ইসলাম বলেন, 'এটি সম্পূর্ণ বিতর্কিত, বিশেষ করে মুসলমানদের অনুভূতিতে আঘাত করে। আমরা এই শিরোনামটি মেনে নেব না। এই চলচ্চিত্রটিকে নিষিদ্ধ করা দরকার। যারা এই ধরনের সিনেমা নির্মাণ করছেন তাদের বোঝা উচিত যে, এই ধরনের চলচ্চিত্রগুলো বন্ধুত্বের অপরিপন্থী। দুই সম্প্রদায়ের মধ্যে ভ্রাতৃত্ব নষ্ট করে।' নিজের বক্তব্যে আরও যোগ করেন, 'এই সিনেমার প্রযোজকদের কাছে আমার বার্তা হলো যে, তাদের বোঝা উচিত মুসলমানরা ভারতে বসবাসকারী দ্বিতীয় বৃহত্তম সম্প্রদায় এবং তাদের মর্যাদা, সম্মান এবং শান্তির সঙ্গে বাঁচার অধিকার রয়েছে। তাদের সেই মনোভাব নিয়ে বাঁচতে দেওয়া উচিত।'



# ভারতেও মুক্তি পাচ্ছে 'সুড়ঙ্গ'?

**বিনোদন প্রতিবেদক :** টিভি থেকে ওটিটি দুই মাধ্যমে নিজের দাপট দেখিয়ে আফরান নিশো এবার পা রেখেছেন বড় পর্দার সিনেমায়। এই ঈদে মুক্তি পাচ্ছে কাঙ্ক্ষিত সেই সিনেমা। যেটার নাম 'সুড়ঙ্গ'। নির্মাণ করেছেন রায়হান রাফী। যিনি নির্মাতা হিসেবে দর্শকমহলে ইতোমধ্যে নিজস্ব বলয় তৈরি করতে সক্ষম হয়েছেন। মুক্তি উপলক্ষে জোর প্রচারণা চালাচ্ছে 'সুড়ঙ্গ' টিম। টিজার, ফোরটেস্ট ও আইটেম গানে চর্চার কেন্দ্রে রয়েছে ছবিটি। বলা চলে, ঈদে মুক্তি পেতে যাওয়া ছবিগুলোর মধ্যে এটিই আলোচনায় এগিয়ে আছে। সেই আলোচনার পালে নতুন হাওয়া- ভারতেও (পশ্চিমবঙ্গ) নাকি মুক্তি পাচ্ছে 'সুড়ঙ্গ'! ভারতীয় প্রতিষ্ঠান শ্রী ভেঙ্কটেশ ফিল্মস (এসভিএফ) থেকে 'সুড়ঙ্গ' ছবির প্রচারণা চালানো হচ্ছে। সুতরাং গুঞ্জনটিকে উড়িয়ে দেওয়া যাচ্ছে না সহজে। তাই ছবির নির্মাতা রায়হান রাফীর সঙ্গে যোগাযোগ করলো বাংলা ট্রিবিউন। জানতে চাওয়া হলো, ছবিটি কি আসলেই ভারতে মুক্তি পাচ্ছে? রাফীর কৌঁসুলি জবাব, "এটা আসলে আমি বলতে পারবো না। আমার কাজ সিনেমা নির্মাণ করা। সেটা আমি ভালোভাবে বানানোর চেষ্টা করেছি। এখন প্রযোজক কোথায় মুক্তি দেবেন, সেটা তার ব্যাপার। সুতরাং ভারতে 'সুড়ঙ্গ' মুক্তি পাবে কিনা, সেটা প্রযোজকই ভালো বলতে পারবেন।" তবে কিঞ্চিৎ রহস্য তিনিও জিইয়ে রাখলেন। বললেন, 'এখনও অফিসিয়াল কিছু হয়নি। হলে নিশ্চয়ই এসভিএফ থেকেও ঘোষণা দিতো। তবে হ্যাঁ, এসভিএফ যেহেতু পোস্ট দিচ্ছে, নিশ্চয়ই কোনো কারণ আছে।' অগত্যা ছবির প্রযোজক শাহরিয়ার শাকিলের দ্বারস্থ হতে হলো। তিনি অবশ্য চূড়ান্ত খবরের জন্য কয়েক দিন সময় চাইলেন। বললেন, 'ভারতে মুক্তির বিষয়ে আলাপ-প্রক্রিয়া চলছে। তা না হলে তো এসভিএফ থেকে 'সুড়ঙ্গ' নিয়ে পোস্ট দিতো না। তবে আমাকে কিছু দিন সময় দিন। আগামী রোববার নাগাদ আমি চূড়ান্ত খবরটা দিতে পারবো।"নির্মাতা ও প্রযোজকের মন্তব্য থেকে এটুকু বোঝা যাচ্ছে, ভারতে 'সুড়ঙ্গ' মুক্তি পাবে। তবে ঈদে বাংলাদেশের সঙ্গে একই তারিখে কিনা, সেটা নিয়ে রয়েছে অনিশ্চয়তা। জানা গেছে, ভারতের ছবি বাংলাদেশে মুক্তি দিতে চাইলে সাফটা চুক্তি অনুযায়ী আমদানি করতে হয়। কিন্তু বাংলাদেশের ছবি ভারতে মুক্তি দিতে রাষ্ট্রীয় বা আইনি কোনো জটিলতা নেই। ফলে ভারতের পরিবেশকরা চাইলে বাংলাদেশের যে কোনো ছবি দেশটিতে মুক্তি দিতে পারেন। ঈদের বাকি মাত্র দুই সপ্তাহ। ফলে মুক্তি প্রতীক্ষিত ছবিগুলোর হল বুকিংও শুরু হয়ে গেছে। এই ঈদে মুক্তির মিছিলে 'সুড়ঙ্গ' ছাড়াও রয়েছে 'প্রিয়তমা', 'অন্তর্জাল', 'প্রহেলিকা', 'রিভেঞ্জ' ছবিগুলো। তবে শাকিব খান ও আফরান নিশোর দাপটে অন্য ছবিগুলো হলপ্রাপ্তি নিয়ে শংকায় রয়েছে! হল মালিকদের আগ্রহ থাকলেও নিজের কৌশলে এগোতে চান রায়হান রাফী। তার ভাষ্য, "ঈদ নিয়ে আমি কনফিডেন্ট। আমি জানি কীভাবে ঈদে ব্যবসা করতে হয়। আমার ছবির একটা দর্শক আছে। আর কোথায় আমার দর্শক আছে, সেটাও আমি জানি। তাই সব বুঝেশুনেই আমরা আগাচ্ছি। আমার 'পোড়ামন ২', 'পরাণ' ছবিগুলো কিন্তু খুব কমসংখ্যক হল দিয়ে মুক্তি পেয়েছিল।

# ঢালিউড রাণী শাবানার শুভ জন্মদিন

**বিনোদন প্রতিবেদক :** ঢাকাই সিনেমার জীবন্ত কিংবদন্তি অভিনেত্রী শাবানা। দীর্ঘ সময় ধরে তিনি ঢাকাই সিনেমায় দাপটের সঙ্গে অভিনয় করেছেন। অভিনয় থেকে দূরে আছেন দীর্ঘ ২৬ বছর যাবৎ। তারপরও ভক্ত-দর্শকের স্মৃতিতে শাবানা প্রিয় অভিনেত্রী হিসেবে চিরভাস্বর। গতকাল বৃহস্পতিবার ছিল এই অভিনেত্রীর জন্মদিন। ১৯৫২ সালের এই দিনে জন্মগ্রহণ করেছিলেন তিনি। শাবানার পারিবারিক নাম আফরোজা সুলতানা রত্না। দশ বছর বয়সে শিশুশিল্পী হিসেবে 'নতুন সুর' চলচ্চিত্রে অভিষেক হয়েছিল তার। এরপর পরিচালক এহতেশাম দেয়া শাবানা নাম নিয়ে ১৯৬৭ সালে 'চকোরী' চলচ্চিত্রে নাদিমের বিপরীতে নায়িকা হিসেবে অভিনয় করেন। শাবানা সাড়ে তিন দশকের কর্মজীবনে ৩০০টির মতো চলচ্চিত্রে অভিনয় করেন। ষাট দশকের শেষ থেকে নব্বইয়ের দশকে জনপ্রিয়তার তুঙ্গে ছিলেন। ব্যক্তিগত কারণে ২০০০ সালে হঠাৎ রূপালী জগৎ থেকে আড়ালে চলে যান। এরপর অনেক বছর তাকে আর প্রকাশ্যে দেখা যায়নি। সাম্প্রতিক বছরগুলোতে দেখা গেলেও- তাও হাতে গোনা। জুটি হিসেবে আলমগীরের একসঙ্গেই তিনি ১৩০টি চলচ্চিত্রে অভিনয় করেছেন। এ ছাড়া রাজ্জাক, ওয়াসিম, উজ্জ্বলের সঙ্গেও অভিনয় করে ব্যাপক জনপ্রিয়তা পান। পাকিস্তানি নায়ক নাদিমের সঙ্গেও দর্শক তাকে পছন্দ করেছিল। সোশ্যাল ড্রামা থেকে অ্যাকশন, ফোক নানা ঘরানার সিনেমায় অভিনয় করেছেন শাবানা। তার উল্লেখযোগ্য কিছু সিনেমা হচ্ছে- চকোরি, মধু মিলন, অবুঝ মন, চান্দ সুরজ, একই অঙ্গে এত রূপ, ছদ্মবেশী, ছন্দ হারিয়ে গেল, চৌধুরী বাড়ি, সমাধান, স্বীকৃতি, ওরা ১১ জন, অতিথি, ঝড়ের পাখি, জননী, মাটির ঘর, সখী তুমি কার, শেষ উত্তর, ছুটির ঘণ্টা, নাজমা, ভাত দে, দুই পয়সার আলতা, রজনীগন্ধা, লালু ভুলু, মা ও ছেলে, লাল কাজল, নালিশ, ঘরের বউ, সখিনার যুদ্ধ, নতুন পৃথিবী, হিম্মতওয়ালী, বাসেরা, হালচাল, চাঁপা ডাঙ্গার বউ, অশান্তি, বিরোধ, স্বামী স্ত্রী, অপেক্ষা, রাজলক্ষ্মী শ্রীকান্ত, লালু মাস্তান, সারেন্ডার, রাঙা ভাবী, ব্যাথার দান, সত্য মিথ্যা, মরণের পরে, পিতা মাতা সন্তান, সান্ত্বনা, স্ত্রীর পাওনা, আন্ধি, অন্ধ বিশ্বাস, লক্ষ্মীর সংসার, ঘাতক, ঘরের শত্রু, স্নেহ, কন্যাদান, সত্যের মৃত্যু নাই, স্বামী কেন আসামি ও পালাবি কোথায়। শাবানা অভিনীত সর্বশেষ চলচ্চিত্র আজিজুর রহমান পরিচালিত 'ঘরে ঘরে যুদ্ধ' ১৯৯৭ সালে মুক্তি পায়। অভিনয়ের জন্য প্রধান নারী চরিত্রে আটবার ও প্রযোজক হিসেবে একবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করেন এবং ২০১৭ সালে পান আজীবন সম্মাননা।

এ ছাড়া 'জননী' চলচ্চিত্রের জন্য পার্শ্ব অভিনেত্রীর পুরস্কার নিতে অস্বীকৃতি জানান শাবানা। পেয়েছেন অন্যান্য পুরস্কার, দেশের হয়ে অনেক চলচ্চিত্র উৎসবে যোগ দেন তিনি। তার জন্য শুভ কামনা। শুভ জন্মদিন ঢাকাই চলচ্চিত্রের রাণী। ব্যক্তিগত জীবনে ১৯৭৩ সালে শাবানা বিয়ে করেছেন পরিচালক ওয়াহিদ সাদিককে। দুটি কন্যা ও একটি পুত্রসন্তানসহ সংসার সামলেও সিনেমায় একের পর এক চমক দেখিয়েছেন শাবানা। কিন্তু ১৯৯৭ সালে অজানা কারণে আচমকা ঢালিউড থেকে বিদায় নেন শাবানা। এরপর ২০০০ সালে সপরিবারে যুক্তরাষ্ট্রের নিউজার্সিতে চলে যান। বর্তমানে সেখানেই স্থায়ীভাবে বসবাস করেন এই ঢালিউড রাণী শাবানা।

